চিরবিশ্বস্ত
চিরনূতন
শ্যাম সুন্দর কোং
জুয়েলার্স
আগরতলা • খোয়াই • উদয়পুর
ধর্মনগর • কলকাতা

ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

গৌরবের ৬৫ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

সিস্টার
Sister Masala
নিশ্চিন্তের প্রতীক
গুঁড়া মশলা
অল্পতেই যথেষ্ট
সিস্টার
স্বাদ ও গুনমানে প্রতি ঘরে ঘরে

JAGARAN ■ 27 August 2019 ■ আগরতলা, ২৭ আগস্ট, ২০১৯ ইং ■ ৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ, মঙ্গলবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# ৩৭০ ধারা বিলুপ্তি ভারতের অভ্যন্তরীণ বিষয় রাষ্ট্রসংঘের মহাসচিবকে জানালেন প্রধানমন্ত্রী

**বিয়ারিৎজ, ২৬ আগস্ট (হি. স.)।।** জম্মু ও কাশ্মীর থেকে ৩৭০ ধারা বিলুপ্তির সিদ্ধান্তগ্রহণ একেবারে ভারতের অভ্যন্তরীণ বিষয়। সোমবার ফ্রান্সের বিয়ারিৎজে রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে এমনই জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। পাশাপাশি কাশ্মীর নিয়ে ভারত ও পাকিস্তানের মধ্যে মধ্যস্থতাকারি হিসেবে কোনও তৃতীয় পক্ষকে জড়াতে নারাজ ভারত তাও স্পষ্ট করে দিয়েছেন আমেরিকার প্রেসিডেন্টের কাছে।

সম্প্রতি জি৭ বৈঠকে যোগ দিতে ফ্রান্সে গিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেখানে রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তোনিও গুতেরেসের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাসবাদ সব থেকে বড় চ্যালেঞ্জ জম্মু ও কাশ্মীরে। সেই বিষয়টিকে মাথায় রেখে আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য রাজ্যের কয়েকটি জায়গায় কার্ফু জারি করা হয়েছে। সময়ের সঙ্গে ধীরে ধীরে তা প্রত্যাহার করে নেওয়া হবে। দুইজনের মধ্যে জলবায়ু পরিবর্তন নিয়েও বৈঠক হয়।

বৈঠকের বিষয়ে বিদেশসচিব বিজয় কে গোখলে জানিয়েছেন, বৈঠকে প্রধানমন্ত্রী জানিয়েছেন যে ৩৭০ ধারা সংবিধানের অন্তগর্ত। ফলে এটি ভারতের অভ্যন্তরীণ বিষয়। আন্তর্জাতিক স্তরে ভারত এমন কোনও পদক্ষেপ নেয়নি যাতে করে আঞ্চলিক অস্থিরতা দেখা দেয়। ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে জম্মু ও কাশ্মীর। বহু জায়গাতেই কার্ফু তুলে নেওয়া হয়েছে। প্রায় ৩০ বছর ধরে সন্ত্রাসবাদী হামলায় জেরবার হয়েছে উপত্যকা। ফলে বেশ কয়েকটি জায়গা নিয়ন্ত্রিত করা হয়েছে। বৈঠক ইতিবাচক ভাবেই শেষ হয়েছে।

ফ্রান্সে জি৭ বৈঠকের মাঝেই সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠকে নরেন্দ্র মোদী, মার্কিন প্রেসিডেন্টকে একপ্রকার বুঝিয়েই দিলেন যে, 'কাশ্মীর দ্বিপাক্ষিকই, মধ্যস্থতার প্রয়োজন নেই!' বৈঠকের পরে যৌথভাবে সাংবাদিক বৈঠক করেন মোদী ও ট্রাম্প। আমেরিকার প্রেসিডেন্ট জানান, 'আমরা কাশ্মীর নিয়ে কথা বলেছি, প্রধানমন্ত্রী সত্যিই মনে করেন যে, বিষয়টি নিয়ন্ত্রণে রয়েছে। আমি নিশ্চিত, ভারত পলিস্তানের সঙ্গে কথা বলে কিছু ভালো সিদ্ধান্ত নিতে সক্ষম হবে।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, 'ভারত-পাকিস্তানের মধ্যে সমস্ত ইস্যু দ্বিপাক্ষিক, এ কারণেই আমরা এই বিষয়ে অন্য কোনও দেশকে জড়াতে চাই না।'

ফ্রান্সে জি৭ বৈঠকের ফাঁকে প্রেসিডেন্ট ট্রাম্প বহুবার বলেছিলেন, কাশ্মীর নিয়ে মোদীর সঙ্গে আলোচনা করতে বিশেষ বাবে উৎসুক তিনি। কাশ্মীর সমস্যা সমাধানে তিনি যে মধ্যস্থতাতেও উৎসাহী। কিন্তু, কাশ্মীর নিয়ে নিজেদের অবস্থান প্রধানমন্ত্রী মোদী স্পষ্ট করে দেওয়ার পর তা কার্যত মেনে নিতে বাধ্য হলেন প্রেসিডেন্ট ট্রাম্প। যৌথ সাংবাদিক সম্মেলনের পর উত্তেজনা হ্রাস করতে ভারত-পাকিস্তানের মধ্যে সংলাপের প্রয়োজনীয়তার বিষয়টি পুনরায় নিশ্চিত করেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। একইসঙ্গে আফগানিস্তানের একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসাবে ভারতের ভূমিকাও ☛ ৬ এর পাতায় দেখুন




ফ্রান্সে জি সেভেন সম্মেলনে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ট্রাম্প। ছবি-পিআইবি।

## ৩০ আগস্ট শুরু হচ্ছে বিধানসভার বর্ষাকালীন অধিবেশন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** আগামী ৩০ আগস্ট থেকে শুরু হচ্ছে ত্রিপুরা বিধানসভার বর্ষাকালীন অধিবেশন। আজ সোমবার অধিবেশন সংক্রান্ত বিষয়ে ত্রিপুরা বিধানসভার অ্যাডভাইজারি কমিটির (বিএসি) বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এদিনের বৈঠকের পৌরোহিত্য করেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ রেবতীমোহন দাস। এছাড়াও বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক সুদীপ রায়বর্মন, মন্ত্রী রতন লাল নাথ, কল্যাণী রায়, এনসি দেববর্মা, উপমুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মন, সিপিআইএম-এর দুই বিধায়ক তথা বিএসি সদস্য তপন চক্রবর্তী এবং সুধন দাস-সহ বিধানসভার অন্যান্য কর্মকর্তারা।

বৈঠক শেষে অধ্যক্ষ রেবতীমোহন দাস সাংবাদিকদের জানান, অ্যাডভাইজারি কমিটি সিদ্ধান্ত নিয়েছে, আগামী ৩০ আগস্ট, ২ সেপ্টেম্বর এবং ৩ সেপ্টেম্বর, এই তিনদিন অধিবেশন অনুষ্ঠিত হবে। অধিবেশনে প্রশ্নোত্তর ☛ ৬ এর পাতায় দেখুন

## উদয়পুরে গ্যাস এজেন্সিতে হানা ২৩টি সিলিন্ডার অটো বাজেয়াপ্ত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** প্রশাসনের থাবায় উদয়পুরে বেআইনি মজুত ২৩টি সিলিন্ডার উদ্ধার হয়েছে। সাথে সিলিন্ডার পাচারে ব্যবহৃত অটোও আটক করেছে মহকুমা প্রশাসন।

সোমবার ডিসিএম-এর নেতৃত্বে উদয়পুর মহকুমা প্রশাসনের আধিকারিকরা তিনটি গ্যাস এজেন্সিতে হানা দেন। মূলত, গত কয়েকদিনে উদয়পুরের মহকুমাশাসক অনিরুদ্ধ রায়ের কাছে রান্নার গ্যাস সিলিন্ডারের কালোবাজারির অভিযোগ জমা পড়েছে। ওই অভিযোগের ভিত্তিতে আজ মহকুমা প্রশাসন উদয়পুরে তিনটি গ্যাস এজেন্সিতে হানা দেয়। ☛ ৬ এর পাতায় দেখুন

## পোশাক বিতর্কে উত্তাল কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** পোশাক বিতর্কে উত্তাল রামকৃষ্ণ মহাবিদ্যালয় কলেজের ক্যাম্পাস চত্বর। কলেজের নির্দিষ্ট পোশাক না পরে ধর্মীয় পোশাক পরে আসায় বাধা দেয় কলেজ কর্তৃপক্ষ। সেই বাধা মানতে নারাজ সংখ্যালঘু ছাত্রছাত্রীরা। তাদের বক্তব্য ঐতিহ্য হচ্ছে পাঞ্জাবি পরা। তাই তারা এই পোশাক পরেই কলেজে ক্লাস করবে। এই নিয়ে আজ কলেজ শুরুর প্রথম থেকেই উত্তপ্ত হয়ে ওঠে রামকৃষ্ণ মহাবিদ্যালয়।

সংখ্যালঘু ছাত্র ছাত্রীরা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ঘেরাও ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন শুরু করে। ঘটনাস্থলে ছুটে আসে কৈলাসহর থানার পুলিশ। দীর্ঘ তিন ঘণ্টা অবরুদ্ধ থাকার পর বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষের নজরে আনার প্রতিশ্রুতি দিলেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ। এ ব্যাপারে ভারপ্রাপ্ত অধ্যক্ষ সোমা দেবের মতামত জানতে চাইলে তিনি বলেন যে প্রতিটি বিদ্যালয় ও কলেজের নির্দিষ্ট পোশাক করা আছে। সেই নিয়ম অনুযায়ী পোশাক পরে বিদ্যালয় ও কলেজে ক্লাস করতে হয়। রামকৃষ্ণ মহাবিদ্যালয় এর পাশাপাশি রাজ্যের অন্যান্য কলেজগুলিতে সকল ধর্মের বর্ণের ছাত্রছাত্রীরা পড়াশোনা করে। প্রত্যেকেই নিজেদের ধর্মীয় পোশাক পরে যদি নিজেদের পছন্দ মতো পোশাক পরে কলেজে আসে তাহলে কলেজের ড্রেস অফ কন্ডাক্ট ভঙ্গ হবে। তাই যদি একটি বিশেষ শ্রেণির ছাত্র-ছাত্রীদের পোশাকের ক্ষেত্রে কোন আইন শিথিল করা হয় সেটা উর্দ্ধতন কর্তৃপক্ষ করতে পারবে।

কলেজ কর্তৃপক্ষের এ ব্যাপারে কোনো সিদ্ধান্ত নেওয়ার অধিকার নেই। তবে এই সংখ্যালঘু ছাত্র ছাত্রীরা কোনো ধরনের আইন মানতে রাজি নয়। তাদের দাবি তারা তাদের এই ঐতিহ্য পাঞ্জাবি ও কি পরে কলেজে ক্লাস করবে। তাদের দাবি না মানা হলে তারা বৃহত্তর আন্দোলনে যাবে। তবে শিক্ষাঙ্গনে এ ধরনের পোশাক বিতর্ক ধর্মের নামে সুরসুরি দিয়ে শিক্ষাঙ্গনের সুষ্ঠু ও ☛ ৬ এর পাতায় দেখুন

## বিজেপির সাংগঠনিক নির্বাচন নিয়ে প্রস্তুতি সভা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** সাংগঠনিক নির্বাচনের রণকৌশল বুঝাতে আজ বিজেপি কর্মকর্তাদের নিয়ে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে ত্রিপুরার ৬০টি বিধানসভা কেন্দ্র এলাকা থেকে সমস্ত কর্মকর্তারা উপস্থিত ছিলেন। মূলত, সাংগঠনিক নির্বাচনী পর্ব সুষ্ঠুভাবে সম্পন্ন করার ক্ষেত্রে বিভিন্ন বিষয়ে তাঁদের অবগত করা হয়েছে বলে জানিয়েছেন দলের বরিষ্ঠ নেতা মানিক দাস।

তিনি জানান, এ-বছর ওয়ার্ড এবং পঞ্চায়েত স্তরের কমিটি তুলে দেওয়া হয়েছে। ফলে, বুথ স্তর থেকে জেলা কমিটি পর্যন্ত সমস্ত কর্মকর্তাদের রণকৌশল স্থির করার জন্যই এই বৈঠকের ডাক দেওয়া হয়েছে। তিনি বলেন, সাংগঠনিক নির্বাচন প্রভারী আইনজীবী প্রদ্যুৎ ধর ওই বৈঠকে সমস্ত কর্মকর্তাদের নির্বাচনের প্রস্তুতি নিয়ে বিভিন্ন দিক তুলে ধরেছেন।

মানিকবাবুর বক্তব্য, বুথ কমিটি, মণ্ডল প্রধান, মণ্ডল সভাপতি, জেলা কমিটির সদস্য-সহ যুব মোর্চার কর্মকর্তারাও ওই বৈঠকে উপস্থিত ছিলেন। তিনি বলেন, সাংগঠনিক নির্বাচন বুথ কমিটি থেকে শুরু হবে। তারপর মণ্ডল এবং জেলা কমিটি ☛ ৬ এর পাতায় দেখুন

## পুকুরের জলে ডুবে মৃত্যু চার বছরের শিশুর

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** পুকুরের জলে ডুবে মৃত্যু হয়েছে সায়ন রুদ্রপাল নামের এক শিশুর। ঘটনা ধলাই জেলার আমবাসা মহকুমার রামঠাকুর পাড়ায়।

ঘটনার বিবরণে জানা গেছে, আমবাসা টিআরটিসি পাড়ার বাসিন্দা রতন রুদ্রপালের চার বছরের শিশু সায়ন রুদ্রপাল জন্মলগ্ন থেকেই ডলুবাড়িতে অবস্থিত রামঠাকুরপাড়ায় তার দাদুর বাড়িতে থাকত। জানা গেছে, জন্মের পর থেকে সায়ন মানসিক ভারসাম্যহীন ছিল। কিছু বড় হলে, প্রায় সময়ই বাড়ি থেকে বেরিয়ে যেত সে। গত শনিবার সকালে হঠাৎ বাড়ি থেকে নিখোঁজ হয়ে যায় সায়ন। পরিবারের তরফ থেকে বহু খোঁজাখুঁজির পরও তাকে পাওয়া যায়নি।

পরে আমবাসা থানায় একটি নিখোঁজ ডায়েরি করা হয়। সোমবার সকালে উলুবেড়িয়া রামঠাকুরপাড়ার স্থানীয় এক বাড়ির পুকুর থেকে শিশুটির মৃতদেহ ভেসে ☛ ৬ এর পাতায় দেখুন

## বাধারঘাট বিধানসভা আসনে উপনির্বাচনে মোট ভোটার ৫৮,৩০৯ জন, জানালেন সিইও

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** ত্রিপুরার বাধারঘাট বিধানসভা আসনে উপনির্বাচনে মোট ভোটার ৫৮,৩০৯ জন। তবে, ক্রমাগত ভোটার তালিকা সংশোধনের কাজ চলছে। তাই, আগামী ৪ সেপ্টেম্বরের মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। সোমবার সাংবাদিক সম্মেলনে এ-কথা জানিয়েছেন ত্রিপুরার মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণিকান্তি। তিনি জানান, আগামী ২৩ সেপ্টেম্বর উপনির্বাচন অনুষ্ঠিত হবে এবং ফলাফল ঘোষণা হবে ২৭ সেপ্টেম্বর।

এদিন তিনি জানান, ২৫ আগস্ট জাতীয় নির্বাচন কমিশন ত্রিপুরার বাধারঘাট আসনে উপনির্বাচনের ঘোষণা করেছে। প্রসঙ্গত, ত্রিপুরায় বাধারঘাট তফশিলি জাতি সংরক্ষিত আসনে বিজেপি বিধায়ক দিলীপ সরকারের প্রয়াণে ওই আসনটি খালি হয়েছিল। পাঁচবারের ওই বিধায়ক গত ১ এপ্রিল দীর্ঘ রোগভোগের পর দিল্লিতে একটি বেসরকারি হাসপাতালে প্রয়াত হন।

মুখ্য নির্বাচন আধিকারিকের কথায়, আগামী ২৩ সেপ্টেম্বর উপনির্বাচন অনুষ্ঠিত হবে। ফলাফল ঘোষণা হবে ২৭ সেপ্টেম্বর। তিনি জানিয়েছেন, আগামী ২৮ আগস্ট ওই আসনে উপনির্বাচনের বিজ্ঞপ্তি জারি হবে। মনোনয়ন জমা দেওয়ার অন্তিম তারিখ ৪ সেপ্টেম্বর। ৫ সেপ্টেম্বর মনোনয়নপত্র স্ক্রুটিনি করা হবে এবং মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম তারিখ ৭ সেপ্টেম্বর। তিনি আরও জানিয়েছেন, রবিবার থেকেই উপ-নির্বাচনি ক্ষেত্রের সংশ্লিষ্ট জেলায় আদর্শ আচরণবিধি লাগু হয়ে গেছে। ☛ ৬ এর পাতায় দেখুন

## বিলোনীয়ায় আক্রান্ত দায়রা আদালতের বিচারক

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ২৬ আগস্ট ।।** জনবহুল প্রকাশ্য বাজারে আক্রান্ত দক্ষিণ জেলার দায়রা আদালতের বিচারক উদিত চৌধুরী। ঘটনা রবিবার সাড়ে দশটা নাগাদ বিলোনীয়া ছনবন বাজারে। ঘটনার সাথে জড়িত আক্রমনকারী দুইজনকে পুলিশ আটক করে আদালতে তোলা হলে দুইজনকেই চৌদ্দ দিনের জেল কারাবাসের নির্দেশ দেয় বিচারক।

ঘঠনার প্রকাশ্য আদালতের বিচারক উদিত চৌধুরী, তার দেহরক্ষী নিয়ে বনকরে বাজার করার জন্য আসে। বাজার সেরে গাড়িতে উঠার সময় টিআর০৮বিস ৯৭৯৩ নম্বরে একটি বাইক দ্রুত গতিতে এসে পরে বিচারকের সামনে। যধিও বা এতে বিচাক কোন আঘাত পাননি। বিচারকের দেহরক্ষী বাইকটিকে আক করে। বাইকের চাবি ☛ ৬ এর পাতায় দেখুন

## নেশা কারবারিদের সাথে সখ্যতা ও মদতের অভিযোগে পুলিশের সাব ইন্সপেক্টর গ্রেপ্তার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** নেশা কারবারিদের সাথে সখ্যতা এবং সহযোগিতার জন্য ত্রিপুরা পুলিশের এক সাব ইন্সপেক্টরকে গ্রেফতার করা হয়েছে। আজ তাঁকে আদালতে সোপর্দ করা হয়েছিল। আদালত তাঁকে তিনদিনের পুলিশ রিমান্ডে পাঠিয়েছে।



বিশালগড় থানায় কর্মরত অবস্থায় নেশা কারবারিদের সাথে সখ্যতা গড়ে উঠেছিল সাব ইন্সপেক্টর বিশ্বজিৎ দাসের, এমনটাই অভিযোগ পুলিশের। তাঁর বিরুদ্ধে অভিযোগ, মাদক পাচারে নেশা কারবারিদের তিনি মদত দিতেন। বদলে তিনি প্রচুর টাকা কামিয়েছেন। পুলিশের দাবি, বিশালগড়ের কুখ্যাত নেশা কারবারি টিটু আহমেদের সাথে তাঁর ঘনিষ্ঠতা রয়েছে। তাই, বাংলাদেশে গাঁজা ও ফেন্সিডিল পাচারে টিটু আহমেদকে তিনি সহযোগিতা করেছেন। সম্প্রতি কলকাতায় পালিয়ে যাওয়ার সময় আগরতলা বিমানবন্দর থেকে পুলিশ টিটু আহমেদকে গ্রেফতার করেছিল। তাকে জিজ্ঞাসাবাদ করেই সমগ্র সিপাহিজলা জেলায় মাদক পাচারচক্রের তথ্য হাতে আসে পুলিশের।

বিশালগড় থানার পুলিশের দাবি, টিটু আহমেদ জেরায় স্বীকার করেছে, সাব ইন্সপেক্টর বিশ্বজিৎ দাস তাকে নানাভাবে সহায়তা করতেন। এর পরই পুলিশ ওই সাব ইন্সপেক্টরকে গ্রেফতারে তৎপর হয়। সম্প্রতি তাঁকে খোয়াই থানায় বদলি করা হয়েছিল। রবিবার গভীর রাতে ডিএসপি ডিআইবি অলক ভট্টাচার্যের নেতৃত্বে পুলিশের বিশেষ টিম তাঁকে খোয়াই কোয়ার্টার থেকে গ্রেফতার করেছে। বিশালগড় থানার পুলিশ জানিয়েছে, রাত তিনটে নাগাদ তাঁকে বিশাগড় থানায় আনা হয়েছে। রাতে তাঁকে জেরা করা হয়েছে। তাঁর বিরুদ্ধে ভারতীয় ফৌজদারি দণ্ডবিধির ৩৮৪, ১২০(বি) এবং দুর্নীতি দমন আইনের ৭/১৩ ধারায় মামলা রুজু করা হয়েছে। আজ তাঁকে বিশালগড় দায়রা জজ আদালতে সোপর্দ ☛ ৬ এর পাতায় দেখুন

## লেক চৌমুহনি বাজারে অস্থায়ী ব্যবসায়ীদের সমস্যা, প্রশাসনের হস্তক্ষেপে হল মীমাংসা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** লেক চৌমুহনি বাজারে অস্থায়ী ব্যবসার জন্য স্থান দখলকে ঘিরে অশান্তির জেরে প্রশাসনকে হস্তক্ষেপ করতে হয়েছে। সকলে মিলেই ব্যবসা করতে হবে, বোঝানোর পর পরিস্থিতি স্বাভাবিক হয়েছে। সদর মহকুমাশাসকের কথায়, লেক চৌমুহনি বাজারে স্থান সংকুলানের কারণে সাময়িক সমস্যা হচ্ছে। তবে, বাজার শেড বাড়ানোর পরিকল্পনা রয়েছে সরকারের। তাতে, রাস্তা দখল করে ব্যবসার প্রয়োজন হবে না।

সম্প্রতি আগরতলায় লেক চৌমুহন বাজারে ব্যবসার স্থান দখল নিয়ে সমস্যা দেখা দেয়। তাছাড়া, স্থান সংকুলানের ফলে সবজি ব্যবসায়ীরা রাস্তা দখল করে পসরা সাজিয়ে বসেন। ফলে, স্থানীয় বাসিন্দাদের যাতায়াতে সমস্যা হয়। এই পরিস্থিতি অবশ্য নতুন নয়। দীর্ঘকাল ধরে এভাবেই লেক চৌমুহনি বাজার সংলগ্ন স্থানে রাস্তা দখল করে ব্যবসা করছেন সবজি বিক্রেতারা। কিন্তু এখন স্থানীয় মানুষ এই সমস্যা নিয়ে প্রতিবাদী হয়েছেন।

সোমবার পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক এবং সদর মহকুমাশাসক ওই সমস্যা নিয়ে বাজার কমিটি, স্থানীয় বাসিন্দা, সবজি ব্যবসায়ীদের সাথে বৈঠক করেছেন। ওই বৈঠকে বিধায়ক বৃষকেতু দেববর্মাও উপস্থিত ছিলেন। বৈঠকে ব্যবসার জন্য প্রয়োজনীয় স্থান নিয়ে ঝামেলার মীমাংসা হয়েছে।

সদর মহকুমাশাসক জানিয়েছেন, লেক চৌমুহনি বাজারে স্থায়ী ব্যবসার জন্য শেড বাড়ানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। তাই, আপাতত অস্থায়ী ব্যবসায়ীদের মিলেমিশে স্থান বেছে নিতে হবে। তিনি বলেন, অতীতেও এভাবেই অস্থায়ী ব্যবসায়ীরা নিজেদের মধ্যে বোঝাপড়ার মাধ্যমে ব্যবসা করতেন। এখনও ওই পদ্ধতিতে তাঁরা ব্যবসা করবেন বলে আশ্বস্ত হয়েছেন। ☛ ৬ এর পাতায় দেখুন

## বিশ্ব কৌশল প্রতিযোগিতায় রাজ্যের যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** বিশ্ব কৌশল প্রতিযোগিতায় দেশের হয়ে প্রতিনিধিত্ব করবেন রাজ্যের যুবক মহঃ ফারুখ আহমেদ। চলিত মাসের ২৮ তারিখের মধ্যে রুশের কজানে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ওই প্রতিযোগিতা ষাটটি দেশের প্রায় ১৩০০ জন অংশ নেবেন। ভারতীয় দলে রাজ্যের যুবক ফারখু আহমেদ রয়েছেন বলে কেন্দ্রীয় কৌশল বিকাশ ও উদ্যোগ মন্ত্রকের মন্ত্রী ডঃ মহেন্দ্র নাথ পান্ডে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবকে একটি চিঠিতে জানিয়েছেন।

## তিন মাসের মধ্যে আগরতলায় চলবে ইলেক্ট্রিক বাস

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** আগামী তিন মাসের মধ্যে রাজধানী আগরতলা শহরের বিভিন্ন রুটে ৫০টি ইলেক্ট্রিক বাস চলাচল করবে। মূলত এফএএমই ইন্ডিয়া প্রকল্পে এই বাস চালানো হবে। এর জন্য চল্লিশ শতাংশ টাকা দেবে কেন্দ্র। বাকি ষাট শতাংশ টাকা দিতে হবে মালিকদের যারা এই বাস পরিষেবা দেবেন।

## পাথারকান্দিতে উল্টে গেল আগরতলাগামী ভোজ্য তেল বোঝাই ট্রাক, গুরুতর তিন



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** ভোজ্য তেল বোঝাই একটি লরি উল্টে তিনজন আহত হয়েছেন বলে খবর পাওয়া গেছে। ঘটনাটি ঘটেছে সোমবার ভোর প্রায় সাড়ে পাঁচটা নাগাদ পাথারকান্দি মডেল হায়ার সেকেন্ডারি স্কুলের সামনে। ঘটনার খবর পেয়ে পাথারকান্দি থানা থেকে পুলিশ গিয়ে আহতদের চিকিৎসার ব্যবস্থা করার পাশাপাশি ভোজ্য তেলের প্যাকেটগুলোকে নিজেদের হেফাজতে রেখেছে।

প্রাপ্ত খবরে প্রকাশ, সোমবার ভোর সাড়ে পাঁচটা নাগাদ গুয়াহাটি থেকে আগরতলাগামী এনএল এএ ৭২৮৫ নম্বরের একটি ভোজ্য তেল বোঝাই লরি নিয়ন্ত্রণ হারিয়ে জাতীয় সড়কের পাশে গড়িয়ে পড়ে। ফলে লরির চালক-সহ তিনজন আহত হয়েছেন। ☛ ৬ এর পাতায় দেখুন

## সরকারি চাকরির উপর নির্ভর না করে বেকারদের স্বনির্ভর হতে বললেন মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** বর্তমান সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে কর্মসংস্কৃতির আমূল পরিবর্তন হয়েছে। সরকার চাইছে স্বনির্ভর ত্রিপুরা গড়ে তুলতে। তাই শুধু সরকারি চাকরির উপর নির্ভর না করে বেকার যুবক-যুবতীদের দক্ষতা বিকাশের মাধ্যমে তাদের স্বনির্ভর করে তোলার উদ্যোগ নিয়েছে সরকার। আজ কাঞ্চনপুর মহকুমার সুভাষনগরে শিল্প ও বাণিজ্য দফতরের উদ্যোগে গড়ে ওঠা শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের (আইটিআই) উদ্বোধন করে ত্রিপুরার মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এভাবেই স্বনির্ভর ত্রিপুরার স্বপ্ন ফেরি করলেন। তাঁর কথায়, রাজ্যে স্বরোজগারের একটা মানসিকতা গড়ে উঠেছে। বেকার যুবকরা সরকারের বিভিন্ন কর্মসূচির সুযোগ নিয়ে স্বনির্ভর হচ্ছেন। রাজ্যে স্বনির্ভর যুবকরাই হয়ে উঠছেন জব ক্রিয়েটর।

কাঞ্চনপুরে আজ শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী আরও বলেন, স্বরোজগারের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যেই সরকার শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের মতো প্রতিষ্ঠান মহকুমাগুলিতে গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। তারই প্রতিশ্রুতি অনুযায়ী কাঞ্চনপুরের মতো মহকুমায় শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের আজ উদ্বোধন হল। তিনি বলেন, ভারত সরকার এবং জাপানের মধ্যে এক চুক্তির ফলস্বরূপ ভারতের বিভিন্ন রাজ্য থেকে শিল্প প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ বেকার যুবকরা জাপানে গিয়ে তাঁদের কাজের দক্ষতার মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ পাবেন। এই সুযোগ ত্রিপুরার যুবক-যুবতীরাও নিতে পারবেন।

তিনি বলেন, ত্রিপুরার বিদ্যুৎ পরিষেবার আধুনিকীকরণের জন্য বিশ্ব ব্যাঙ্ক থেকে ২,৯০০ কোটি টাকা পাওয়া গেছে। এর ফলে রাজ্যে বিদ্যুৎ পরিষেবার উন্নয়নের পাশাপাশি কর্মসংস্থানেরও একটা বিরাট সুযোগ তৈরি হবে। কেন্দ্র ও রাজ্য সরকার মিলে একসাথে কাজ করলে রাজ্যের জিডিপি বাড়বে।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের সার্বিক বিকাশের পাশাপাশি মানুষের মৌলিক চাহিদাগুলি পূরণেও ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ আগরতলা ▫ বর্ষ-৬৫ ▫ সংখ্যা ৩১৭ ▫ ২৭ আগস্ট ২০১৯ ইং ▫ ৯ ভাদ্র ▫ মঙ্গলবার ▫ ১৪২৬ বঙ্গাব্দ

## রক্ষকই ভক্ষক

নেশার বিরুদ্ধে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব যেই কঠোর পদক্ষেপ নিয়াছেন তাতে অনেক পুলিশ অফিসারের নামও উঠিয়া আসিতেছে। ওইসব পুলিশ অফিসাররাই এতদিন নেশা কারবারিদের মদত যোগাইয়া আসিতেছিল। একের পর এক ধরা পড়িতেছে। নেশা কারবারিদের সাথে সখ্যতা এবং সহযোগিতার জন্য ত্রিপুরা পুলিশের এক সাব ইন্সপেক্টরকে গ্রেফতার করা হইয়াছে। সোমবার তাঁহাকে আদালতে সোপর্দ করা হইয়াছে। আদালত তাঁহাকে তিনদিনের পুলিশ রিমান্ডে পাঠাইয়াছে। বিশালগড় থানায় কর্মরত অবস্থায় নেশা কারবারিদের সাথে সখ্যতা গড়িয়া উঠিয়াছিল সাব ইন্সপেক্টর বিশ্বজিৎ দাসের, এমনটাই অভিযোগ পুলিশের।

গাঁজা চাষ খুবই লাভজনক হওয়ায় ঝুঁকি নিয়াও রাজ্যের বিভিন্ন স্থানে এই চাষ চলিতেছে। এই গাঁজা বা গঞ্জিকা মহামূল্যবান। ত্রিপুরার বাংলাদেশ সীমান্ত লাগোয়া গ্রামগুলিতে এই গাঁজা চাষের ঘটনা দিনে দিনেই বাড়িতেছে। এমন কি সীমান্ত সংলগ্ন গ্রামগুলির বাড়ীঘরে অন্যান্য সবজি ও ফসলের চাইতে গাঁজা চাষ করা হইতেছে। এই গাঁজা চাষ নিষিদ্ধ। যেহেতু, এই গাঁজা গাছ চাষ অনেক বেশী আর্থিক সুবিধা দেয় সেজন্যই চাষীরা বেআইনী কাজেই বেশী উৎসাহ ও তাগিদ অনুভব করেন। রাজ্যের বিভিন্ন এলাকায় গাঁজা চাষ হইতেছে। মাঝে মাঝেই প্রশাসন এই বেআইনী ও জনস্বার্থ বিরোধী এই গাছগুলি নষ্ট করিয়া দেয়। কিন্তু গাঁজা চাষীরা এই ক্ষেত্রে মরণ কামড় দিতেও দ্বিধা করেন না। পুলিশ ও প্রশাসনের অভিযানকারীদের উপর হামলা চালাইতে পিছু পা হইতেছে না। ফলে, রাজ্য প্রশাসনের অবস্থা কার্যত বেসামাল। চাষীদের রুজি রোজগারের সমস্যা যেখানে আছে তখন তাহারা তো লাভের মুখ দেখিয়াই বেআইনী চাষে উৎসাহী হয়। এই বিষয়ে প্রশাসনের তরফেও তেমন কোন প্রতিরোধক ব্যবস্থা নেওয়া হয়না। যেমন ওইসব গাঁজা চাষ হওয়ার সম্ভাবনা আছে এমন গ্রামগুলিতে গ্রামবাসীদের গাঁজার খারাপ দিকগুলি সম্পর্কে সচেতন করার কোনও কর্মসূচী তো প্রশাসনকে নিতে দেখা যায় না। প্রতিনিয়ত সামাজিক সচেতনতা, সেখানকার পঞ্চায়েত ও অন্যান্য সামাজিক সংগঠনগুলিকে সচেতনতামূলক প্রচার চালাইতে পারিলে তো কিছুটা হইলেও গাঁজা চাষ রোধ করা সম্ভব হইত। যেখানে চাষীদের জীবন জীবিকা জড়িত, আর্থিক লাভালাভ যুক্ত সেখানে পুলিশ দিয়া জোর করিয়া গাঁজা গাছ ধ্বংস করার মধ্যে স্থায়ী সমাধান খুঁজিয়া পাওয়া যাইবে না। পুলিশী ও প্রশাসনিক শক্তি দিয়া সমস্যার স্থায়ী সমাধান করা যায় না। এই সত্যিকে যদি প্রশাসন বুঝিতে না চায় তাহা হইলে গাঁজা চাষ মুক্ত ত্রিপুরা গড়িয়া তোলা যাইবে না।

এই ত্রিপুরা রাজ্যে ফেন্সিডিলের পাচার বাণিজ্য কি বন্ধ করা গিয়াছে? এই পাচার বাণিজ্যে তো বহু মানুষ রাতারাতি টাকার কুমীর বনিয়াছেন। এত এত অভিযান সত্বেও ফেন্সিডিলের পাচার তো রোধ করা যায় না। গ্রাম্য একটি কথা আছে 'মিয়া বিবি রাজী তো কি করিবে কাজি।' যেসব সরকারী এজেন্সি এই ফেন্সিডিল কালোপাচার রোধ করিতে দায়িত্বপ্রাপ্ত তাহাদের মধ্যেই তো লোভিরা বাসিয়া আছে। মোটা টাকার বিনিময়ে তাহারাই তো এই ফেন্সি কারবারের সহযোগিতা চালু রাখিয়াছে। আসলে যে সরিষা দিয়ে ভুত তাড়ানো হইবে সেই সরিষাতেই যদি ভুত থাকে সেখানে ভুতের বাড়বাড়ন্ত তো হইবেই। এইভাবে ফেন্সি কারবার তো চলিতেছে সগৌরবে। একই কথা খাটে গাঁজা চাষের ক্ষেত্রেও। পুলিশ সেখানে মোটা টাকা ঘুষ খায়। আর এজন্যই গাঁজা চাষীদের বুকের পাটাও থাকে বড়। তাঁহারা পুলিশ প্রশাসনের তাবড় কর্তাদের পাত্তা দিতে চায় না। যেখানে ঘুষখোর, দূর্ণীতিগ্রস্ত, যে পুলিশ দুষ্টের দমন ও শিষ্টের পালন করে না তাহাদের বিরুদ্ধে প্রশাসন ব্যবস্থা নেওয়ার ক্ষমতা রাখে? গাঁজা চাষ করিয়া চাষীরা পেটের দায়ে অন্যায় করিয়াছে তাহার চাইতে অনেক গুণ অপরাধী সিধাই থানার পুলিশ। তাহাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে না পারিলে এই গাঁজা বিরোধী অভিযানও প্রহসনে পরিণত হইবে। গাঁজা চাষ জনস্বার্থের পক্ষে মারাত্মক ক্ষতির কারণে প্রশাসন তাহার বিরুদ্ধে ব্যবস্থা নিয়া দায়িত্ব পালন করিতে চায়। এক্ষেত্রে সাফল্য পাইতে হইলে সংশ্লিষ্ট এলাকার থানাগুলির ঘুষ বাণিজ্য রোধ করিতে হইবে। তাহা না হইলে এই গাঁজা চাষের বিরুদ্ধে অভিযানের নামে লুকোচুরি খেলাই চলিবে।

## রোগী মৃত্যুকে ঘিরে উত্তাল রায়গঞ্জ সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতাল

রায়গঞ্জ, ২৬ আগস্ট (হি. স.) : ফের রোগী মৃত্যুকে ঘিরে উত্তাল হয়ে উঠল উত্তর দিনাজপুরের রায়গঞ্জ সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতাল চত্বর। হাসপাতালের নার্স ও অন্যান্য কর্মীদের ব্যাপক মারধর করা হয়েছে বলে অভিযোগ। ভাঙচুর চালানো হয় হাসপাতালে। সোমবার সকালে এই ঘটনার জেরে তীব্র উত্তেজনা ছড়ায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছেছে পুলিশ ও র‌্যাফে। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, করণদীঘির তৃণমূল কংগ্রেস বিধায়ক মনোদেব সিনহার আত্মীয়া লিপিকা সিনহা বুকে ব্যথা নিয়ে রবিবার রাতে রায়গঞ্জ সরকারি হাসপাতালে ভর্তি হন। তাঁর আত্মীয়দের অভিযোগ, রাতে ভর্তি করা হলেও বিনা চিকিৎসাতেই ফেলে রাখা হয়েছিল তাঁকে। সোমবার সকালে মৃত্যু হয় তাঁর। এরপরেই তেতে ওঠে হাসপাতাল চত্বর। অভিযোগ, উত্তেজিত বাসিন্দারা নার্সদের উপর চড়াও হয়। চুলের মুঠি ধরে মারধর করা হয় নার্সদের। কর্তব্যরত নার্স তন্ময়ী বিশ্বাস, সুমনা পালরা বলেন, "রাতে ওই রোগিণীকে হাসপাতালে ভর্তি করার পরেই দ্রুত তাঁর চিকিৎসার ব্যবস্থা হয়েছিল। কোনও গাফিলতি হয়নি। কিন্তু এদিন সকালে তাঁর মৃত্যুর খবর শোনার পরেই তাঁর পরিবারের লোকজন আচমকা এসে আমাদের উপর চড়াও হয়। চুলের মুঠি ধরে মারধর করে। অশালীন ভাষায় গালিগালাজ করতে থাকে। আতঙ্কে রয়েছি আমরা।" মৃতার ভাই বিপ্লব সিনহা তাঁদের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেন। তাঁদের পালটা অভিযোগ হাসপাতালের নার্সরাই বহিরাগতদের নিয়ে এসে তাঁদের উপর হামলা চালায়। রায়গঞ্জ থানার পুলিশ জানিয়েছে, গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। কথা বলা হচ্ছে নার্সদের সঙ্গে। গত ১১ জুন এনআরএস-এর চিকিৎসক নিগ্রহের ঘটনায় তোলপাড় হয়েছিল গোটা রাজ্য।

## খারিজ হল বিমল গুরুং এবং রোশন গিরির আগাম জামিনের আবেদন

জলপাইগুড়ি, ২৬ আগস্ট (হি.স.) : খারিজ হল বিমল গুরুং এবং রোশন গিরির আগাম জামিনের আবেদন । সোমবার এই আবেদন খারিজ করে দেন কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেঞ্চের বিচারপতি জয়মাল্য বাগচি ও সুরজিৎ মণ্ডল । বিচারপতিরা জানান, পাঁচ সপ্তাহ পর ফের মামলাটির শুনানি হবে । পরে সরকার পক্ষের আইনজীবী সৈকত চট্টোপাধ্যায় বলেন, 'আমাদের সূত্র অনুযায়ী, দেশ ছেড়ে পালিয়েছেন বিমল ও রোশন । আগাম জামিন দেওয়া হলে তাঁদের মামলার শুনানিতে পাওয়া যাবে না ।'

গোর্খা জনমুক্তি মোর্চা নেতা বিমল গুরুং ও রোশন গিরির বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে । ১৯ অগাস্ট এরকম ১২০ টি মামলায় আগাম জামিনের শুনানি হয় । নামঞ্জুর হয় সেই আবেদন । এরপর আজ মামলার শুনানিতে সরকার পক্ষের আইনজীবীরা দাবি করেন, দুই মোর্চা নেতাই দেশের বাইরে রয়েছেন । তাই জামিনের আবেদন মঞ্জুর হলে তাঁরা মামলাগুলোর পরবর্তী শুনানিতে হাজির থাকবেন না । যদিও বিমল গুরুংয়ের আইনজীবীদের বক্তব্য, দুই নেতাই বর্তমানে দেশে রয়েছেন । সওয়াল-জবাবের পর দুই পক্ষকেই তাঁদের দাবির স্বপক্ষে হলফনামা পেশের নির্দেশ দিয়েছে ডিভিশন বেঞ্চ । সেই কারনেই দু"সপ্তাহের সময়সীমা বেঁধে দিয়েছেন বিচারপতিরা ।

# পিণ্ডদান

সৌম্য বন্দ্যোপাধ্যায়



অঘ্রানের কাকভোর। স্নান সারার পর নতুন ধুতি, পাঞ্জাবি শরীরের শিরশিরানি ভাবটুকু কাটিয়ে দিয়েছে। পুবের আকাশ ঈষৎ লালচে। দোতলা থেকে নীচে নামতে আলো আঁধারিতে বেশ কিছু অবয়ব স্পষ্টতর হল. গেতে এগতে কানে এল এক গেরুয়াধারীর পরিমিত স্বর, অপঘাতে মৃত্যু এদিকে। বাকিরা ওই ধারে।

অপঘাতে মৃত্যু নীচু স্বরে জানতে চেয়েছে কি চাইনি, গেরুয়াধারীর প্রশ্ন, মা-বাবা দুজনেই কি গত? উপর নীচে মাথা হেলিয়ে আমি হু বললাম। দুজনেরই কি স্বাভাবিক মৃত্যু। এবারও মাথা হেলালাম। উনি বললেন, তাহলে ওইদিকের লাইনটায় দাঁড়ান। যাদের অপঘাতে মৃত্যু, তাদের শ্রাদ্ধ বা পিন্ডদানের কাজ অন্য জায়গায়। প্রেতশীলায়।

প্রেথশীলার লাইনের তুলনায় আমাদের লাইন দীর্ঘ। এক দুই করে সংখ্যা বাণছে. তৎপরতাও। কিন্তু হইচই নেই।

ভারত সেবাশ্রম সংঘের বিশেখত্বও এটাই । সাধু সন্ন্যাসারী ঘড়ির কাটা ধরে নীরবে কাজ করেন। জাবদা খাতায় এক এক করে নাম লেখা হচ্ছে ও এক একটি দলকে তুলে দেয়া হচ্ছে এক একজন পুরোহিতের হাতে। আমাদের এই প্রশ্নগুলো শুনতে হল। কি নাম? ঠিকানা কি? কত টাকার কাজ কবেন। ১০১, ১০২, ২০১, ৫০১ নাকি ১০০১ টাকার? আমাদের যে সংখ্যাটা পছন্দের, তা বললাম। কোনও জারিজুরি নেই. ওজর আপত্তি নেই। দাবিদাওয়া নেই। খাতায় সব লেখা হলে ওই সাধু আচারিয়া, ধুবে তিওয়ারি, বলে হাঁক পাড়লেন। হাঁক শুনে পাশের ঘর থেকে এক বয়স্ক মানুষ এগিয়ে এলেন। তাকে দেখে সংঘের সাধু আচারিয়াজি আইয়ে বলে সম্বোধন করলেন। ধুতি, শার্ট ও কপালের তিলক পেশা বুঝিয়ে দেওয়ার পক্ষে যথেষ্ট। আজকের দিনে আমাদের পুরোহিত।

আমাদের দেখে, টাকার অঙ্ক শুনে এবং কাউন্টারের ওপাশের সাধুর কাছ থেকে সে টাকা গ্রহণ করে আচারিয়া পরিষ্কার বাংলায় বললেন, আসুন। আমরা তাকে অনুসরণ করলাম। সংঘেরঅন্দরের উটোন পেরিয়ে হাবাইরের উঠো দাঁড়ালাম।

ততক্ষণে আকাশ আরও কিছুটা ফরসা হয়েছে। পুবের সূর্য তেরচাভাবে বাইরের উঠোনে লেপে রয়েছে। সামান্য তফাতে একটা বকুল গাছ। তার গুড়ি গোল করে বাঁধানো। সেখানে রোদে পিঠ করে দুজন বসে। আচারিয়া সেদিক পানে এগতে এগতে ঝরঝরে বাংলায় বললেন, আদিবাড়ি কো থায়, কোন রাজ্য, কোন জেলা, কোন থানা, কোন গোত্র সব মনে আছে তো? এখানে এসব বলতে হবে।

মিনিট কয়েকেরমধ্যে সে জেরা শেষ। আচারিয়া ওই দুজনের হাতে কিছু টাকা গুঁজে আমাদের দিকে ফিরে বললেন, একানকার অটো ভাড়া করাই ভাল। ভাড়া ফিক্সড। কোনও বে গড়বাই হওয়ার সম্ভাবনা নেই। এখান থেকে নিয়ে আবার এখানেই ফিরে আসবে।

ভোর কাটিয়ে সকালের শুরু। সংঘের উল্টোদিকের মিষ্টির দোকানে ঝাঁড়পোঁছ শুরু হয়েছে। উনুনে কচুরির কড়া বসবে খানিক পর। উনুন ধরানো ও আটা মাখার প্রস্তুতি চলছে। গয়ার রাস্তা দারে আমাদের অটো এগিয়ে চলল। আচারিয়ার পুরো পরিচয়ও জানা হয়ে গেল সে অবসরে।

পুরো নাম সুকুমার আচার্য, আদিবাড়ি মেদিনীপুর। গয়ায় পুরোহিতের করার এটা চুয়াল্লিশতম বছর। গয়ার এই পূণ্যভূমিতে আচার্য থেকে কখন এক সময় আচারিয়া হয়ে গিয়েছেন।

এই এক পুণ্যভুমি সাধ করে যেখানে কেউ আসে কিনা সন্দেহ। চেতনার শুরু থেকে তীর্থক্ষেত্রের কত নাম শুনেছি। পুণ্যভূমিরও। পুরী, কাশী, অমরনাথ, দ্বারকা, কেদারনাথ, বদ্রিধাম কত কী। সাধ করে গয়ায় পুণ্যি করতে কাউকে যেতে দেখিনি। কোনও দিন দেখবও কিনা সন্দেহ। গয়াযাত্রা একশোভাগ কর্তব্যের খাতিরে। সে কর্তব্য, যা পালন না করলে মা-বাবা কিংবা পরিবারের প্রিয়জনদের আত্মা শান্তি পায় না। স্বর্গবাস হয় না। গয়া অবস্যই পুণ্যভূমি। তবে পিন্ডদানের কল্যাণে।

সুকুমার আচার্য, বললেন, আপনাদের একটা কথা আগে ভাগে বলে রাখি। প্রতি মুহূর্তে এখানকার পান্ডারা আপনাদের কাছে আসবেন। নাম, ধাম, রাজ্য, গোত্র, জেলা, থানা, গ্রাম কোথায় জানতে চাইবে। বিরক্ত হবেন না কিন্তু, এটাই ওদের কাজ।

কাজটা কি এবং কেন জানতে না চেয়ে থাকতে পারলাম না। সুকুমারবাবু ব লেন, এ এক অদ্ভুত রীতি। দেশে যত রাজ্য আছে, যত জেলা আছে, যত গোত্র আছে, সব এই পান্ডাদের মধ্যে ভাগ করা। এরা সবাই বারবার কথা বলেও প্রস্ন করে বুঝতে চান কে কোন পান্ডার ভাগে পড়বে। যখনই নিশ্চিত হবেন আপনি তার ভাগের, তখনই তিনি আপনার খরচ করা টাকার একটা অংশ পাবেন। এটাই ওদের বংশ পরম্পরার পেশা।

সে টাকার পরিমাণ কত? জানতে চাইলে সুকুমারবাবু বলেলেন, সংঘের বাইরে বকুলগাছের তলায় যে দুজন বসেছিলেন, যাদের খাতায় আপনার নাম ধাম সবকিছু লিখলেন, ওটাই এদিনে পান্ডাদের প্রতিনিদি। যত টাকার কাজ, তার বিরাশি পার্সেন্ট ওদের প্রাপ্য। বাকিটায় বাকি দ্বসবকিছু।

সুকুমারবাবু একটা বাজারের কাছে এসে অটো থামালেন ফুল, ফল, ধূপকাঠি ও পিন্ডদানের প্রয়োজনীয় সরঞ্জাম কেনার জন্য। সূর্য একন পুরোপুরি দৃশ্যমান। রাস্তায় লোক চলাচলও বেড়ে গিয়েছে। দোকান খুলুলতে শুরু করেছে। বাজার বসে গিয়েছে রাস্তার দুধারে। সরু রাস্তা ভরাট করছে মানুষ ও গাড়ির চলাচল। ব্যস্ততার ছাপ ক্রমশ ফুটে উটছে। দুদিক থেকে অটো ঘিরে ধরলেন দুই পান্ডা। একজন নবীন ও কে তাদুরস্ত। অ ন্যজন প্রবীণ। মুখভর্তি পান সামলে প্রবীণ পান্ডা নমস্কার জানিয়ে ভাঙা বাংলায় জানতে চাইলেন, আমরা পশ্চিমবঙ্গের কোন জেলার লোক।

এক অদ্ভুত ক্ষমতা আছে গয়ার এই পান্ডাদের। কি করে কে জানে, ঠিক বুঝতে পারেন কে, কোন রাজ্যের বাসিন্দা। বিহারি, বাঙালি, ওড়িয়া, দক্ষিণী নাকি মারাঠি, গুজরাতি ঠিক বুঝে ফেলেন ওরা। এবং আরও আশ্চর্য, মক্কেলদের ভাষাতেই তারা কথা বলার চেষ্টা করেন।

বললাম, পশ্চিমবঙ্গ। জেলা উত্তর চব্বিশ পরগনা। থানা স্বরূপনগর। গ্রাম চারঘাট। গোত্র শান্ডিল্য।

আদিবাড়ি কি ওখানেই? ওখানেই থাকেন? প্রথমটার উত্তর হ্যাঁ, ও পরেরটা না শুনে দুজনেই সরে গেলেন। সুকুমারবাবু এসে পড়ায় খানিক নিষ্কৃতি। কিন্তু ফল্গু নদীর কিনারে পৌঁছানো মাত্র ফের সেসব প্রশ্নের মুখোমুখি আবার। এক প্রশ্ন, এক উত্তর। বিরক্তির। অথচ বিরক্তি দেখানোর উপায় নেই. এটাই নাকি ওদের কাজ।

অনেক জেরার পর, ঘিরে ধরা পান্ডাদের একজন দাবি করদ্রেলন, আমরা তারই ভাগের। ততক্ষণে আসন বিঝিয়ে আমরা বসে পড়েছি. ভাঙাচোরা দালানোর মতো একটা জায়গা। কিছুটাট কংক্রিটের , কিছুটা বালিয়াড়ি. গাছগাছালিতে ঢাকা। উল্টোদিকে বসে সুকুমারবাবুর পুজো আচ্চার বন্দোবস্তে ব্যস্ত। আশপাশে আমাদের মতই আরও অনেকে। কর্তব্যের ডাকে সবার গয়া আসা। কেউ কেউ সদ্য মাথা কামিয়ে বসেছেন। গায়ে কড়কড়ে নতুন গামছা। মেয়েদেরও দেখা গেল। লাল পাড়, ঘিয়ে রঙা কোরা শাড়িতে পুলে রয়েছে শরীর। লাল সবার মুখ গম্ভীর। চোখে ভক্তির ছাপ। কারও কারও চোখে জল। চিবুক নুইয়ে পড়েছে বুকে। স্মৃতিতে ঘাই মারছে অতীত। প্রিয়জনদের ঘিরে থাকা অজস্র স্মৃতি উথলে উঠছে। আমারও চেকে ভেসে উঠল মা-বাবার মুখ। সুকুমারবাবুকে বললাম, ভাল করে কাজ করবেনব কিন্তু। কাজে কোনও ত্রুটি যেন না থাকে। সুকুমারবাবু মুখ তুললেন। স্মিত হাসি আজ্ঞাবহ। অভয়দানের মতো। শেষের সে পান্ডা লাল রেক্সিয়ে বাঁধানো ইয়া মোটা গোটা কয়েক খাতা নিয়ে ধূপ করে পাশে বসেবললেন, চারঘাট গ্রাম? উত্তরের অপেক্ষায় না থেকে একটা পাতা খুললেন। সেখানে চোখ আটকে জিজ্ঞাসা, ঠাকুরদার নাম বললেন নগেন্দ্র নাথ বন্দোপাধ্যায়। আচ্ছা, বীরেন্দ্র কে হ তেন? অমুক কে হন। তমুক বন্দোপাধ্যায়। এরা সবাই উত্তর চব্বিশ পর গনার স্বরূপনগর থানার চারঘাট গ্রামের। আপনাদেরই আত্মীয় জ্ঞাতি। চেনেন তো?

অভিশ্বাসের কোনও কারণ দেখলাম না আমরা। জাবতদা খাতায় লেখা যে নামগুলো গড়গড় করে পড়া হল, প্রতিটি নামই বহুশ্রুত। চারঘাট গ্রামের বামনপাড়ায় প্রায় প্রতিটি ঘরই আম াদের কোনও ননা কোনওরকমের আত্মীয় ও এ্যাতির। ওই খাতায় বাবা ওম ায়ের নাম উঠে গেল। পান্ডাটি জয়ীর ভাব নিয়ে উঠে পণলেন, আমাদের ওপর ওঁর অধিকার প্রতিষ্টা করে । সুকুমারবাবু বলেনে, ওরা কম্পিউটারের ধারেন না। এই জাবদা থ খাতাতেই এদের বিশবাস। ভরসা নিজেদের দ্বস্মৃতি। বাবা ঠাকুরদার কাছ থেকে উত্তরাধিকার সূত্রে পাওয়া। এরা অর কিছু করেন না?

স্মিত হাসলেন তিনি। অনুচ্চে বলেন, দরকার পড়ে না। ব ছরে বারো মাস তিনশো পঁয়ষট্টি দিন গয়া ভ রপুর। ফি দিন কয়েক হাজার মানুষ এখানে আসেন প্রেতশীলা যান বিরামহীন এই স্রোত। কে কার ভাগের, এরা ঠিক বের করে নেন। বিনা পুজির ব্যবসা। এই ব্যবসা কোনও দিন ফেল হওয়ার নয়। একটু থামলেন। এপাশ ওপাশ চোখ ঘুরিয়ে বললে ন, পেশাটাই এদের কুড়ে করে দিয়েছে। এটুকু গতর না খাটলে নয়, তাই এরা খঅটান। আর শীত, গ গ্রীষ্ম, বর্ষায় ভোরে উঠতে হয়। বংশ পরম্পরায় সেটাও অভ্যাসে দাঁণিয়ে গিয়েচে। ঘন্টাখানেকর এখটু বেশিই লাগল ফ ল্গুর তীরে প্রথম দফার পিন্ডদান শেষ কর তে। কলা, মধু ঘি ও কালো তিল দিয়ে যবের গুড়ো মেখে গোল গোল করে তৈরি হল পিন্ড। যথাযথ মনেত্রাচ্চারণ ও আচার শেষে প্রথম দফার পিন্ডদান শেষ হল। দ্বিতীয় দফার জন্য গত্রোত্থান করার আগে যাবতীয় উপাচার গোছাতে গোছাতে সুকুমারবাবু বলেন, গয়ার মাহাত্ম্য কি জানেন তো?

কিছুটা শোনা যে নেই, তা নয়। সে কথা বলামাত্র সুকুমারবাবু বললেন, গল্প দুটো। একটা গয়াসুরের, অন্যটা রাম সীতা লক্ষণের। গয়াসুর ভগবান বিষ্ণুর কাছে অমরত্ব চেয়েছিলেন। বিষ্ণু অনেক বোঝানোর পর গয়াসুর দেহদানে সম্মত হন। কিন্তু বিশালাকৃতি গয়াসুরের দেহ ধারণের জন্য ধরিত্রী কম পড়ে যাচ্ছিল। বিষুওর দাঁড়ানোর জায়গায় পর্যন্ত ছিল না। বিষ্ণুউর সে পায়ের ছাপ রয়েছে এই গয়ায়। তার ওফর গড়ে উঠেছে মন্দির। বিষুওপাদ মন্দির। সেখানেই হবে দ্বিতীয় পিন্ডদান। বিষুওপাদ মন্দির চত্বরে আর কোনও পান্ডা বিরক্ত করলেন না। কিভাবে বাই যেন জেনে যান কে কার মক্কেল। পিন্ডদান শেষে মন্দির ভ্রমণ. হাত দেড়েক লম্বা পায়ের ছাপ একটা পাথরের ওপর। সেখানেই ফুল বেলপাতার আধিক্য। পুজো দেয়ার বারংবার আরজি। ওই উৎপাত কাটাতে পারলে ফের নির্ঝঞ্ঝাট নিরুপদ্রব চরাচর। আমাদের গন্তব্য এবার অক্ষয় বট। পিন্ডদানের তৃতীয় অধ্যায়।

যেতে যেতে অক্ষয় বটের কাহীনি শুনতে হল সুকুমারবাবুর মুখে। বনবাসী থাকাকালীন পুত্রশোকে মৃত্যু হয়েছে রাজা দশরথের। বনবাসী থাকাকালীন পুত্রশোকে মৃত্যু হয়েছে রাজা দশরথের। রামচন্দ্র তখন সীতা ও লক্ষণের সঙ্গে গয়ায়। পিন্ডদান করা হবে। ফল্গুর তীরে বসে আছেন একাকা সীতা। দশরথের ক্ষুধার্ত, তষ্ণার্ত ও অতৃপ্ত আত্মা পিন্ড পেতে উদগ্রীব। সীতার কাছে মিনতি করছেন বারবার। বিপাকে পড়লেন সীতা। স্বামী না ফিরলে কি করে তিনি পিন্ডদান করেন? অথচ দশরথও নাছোড়। শেষ পর্যন্ত বাধ্য হয়েই নদীর জল ও বালু মিশিয়ে দশরথের পিন্ডদান সারলেন সীতা। দশরথ স্বর্গবাসী হলেন। তৃপ্ত হলেন। রামচন্দ্র কিন্তু সীতার সে কাহিনি বিশ্বাস করলেন না। পিন্ডদানের সাক্ষী কারা জানতে চাইলেন। সীতা বললেন আলবাৎ সাক্ষী আছে। এই ফাল্গু নদীই সাক্ষী। তার জল ও বালি দিয়েই আমি পিন্ডদান করেছি। রামচন্দ্র ফাল্গুর দিকে তাকালেন। জানতে চান সীতার কাহিনি সত্য কিনা। ফল্গু স্পষ্ট করে কিছু ব লল না। সীতা বলনেলেন, সাক্ষী াাছে তুলসিও। রামচন্দ্র তুলসির দিকে চাইলেন। তুলসী আমতা আমতা করল। মরিয়া সীতা সাক্ষী মানলেন বটবঋক্ষকে। বৃক্ষরাজ বট বলেন, সীতা সত্যভাষী। সীতার নয়ন ছাপিয়ে এল অশ্রু। অপমান, অভিমান ও ক্ষোভে ফল্গুর দিকে চেয়ে বললেন, আজ থেকে তুমি হবে অন্তঃসলিলা। বালুর নীচে চিরকালের জন্য চলে যাবে তোমার প্রবাহ তারপর ফিরলেন তুলসির দিকে। বললেন, পুজোয় তোমার কদর থাকবে ঠিকই, কিন্তু তোমায় দেখলেই কুকুরে প্রস্রাব করবে। আর, বটবৃক্ষকে করলেন আশীবার্দ। বলেন, তোমার মৃত্যু নেই। তুমি হবে অক্ষয়।

কাহিনি শেষ হলে সুকুমারবাবুকে বলি, আমি আরও দুটো উদাহরণ শুনেছি। গরু ও ব্রাহ্মণের তারাও নাকি মিথ্যে সাক্ষী দিয়েছিল। সে জন্য সীতা গরুকে বলেছিলেন, যতই খাও না কেন, তোমার পেট কোনও দিন ভরবে না। আর, ব্রাহ্মণকে বলেছিলেন, যতই পাও, তোমার লোভ চিরকাল থেকে যাবে।

সুকুমারবাবু খানিক চুপ করে বললেন, কাহিনি মানুষই তো তৈরি করেছে। কেউ কেউ বলে, তৃণও নাকি সীতার পক্ষ নেয়নি। ক্ষুব্ধ সীতা তাই তৃণকে অভিশাপ দিয়ে বলেছিলেন, পুজোয় অপরিহার্য হলেও তুমি হবে চিরকালের পদদলিত। কাহিনি শেষ করে তিনি অদ্ভুত এক হাসি হাসলেন। অক্ষয় বটের কাছটা ছিমছাম। গুড়িতে কত শত সহস্র সুতো বাঁধা কে বলবে? যত সুতোর বেড়, তত মানত। তৃতীয় পিন্ডদান শেষে সে অমর বটবৃক্ষের কাছে আসতে হয় সবাইকে। সুকুমারবাবুরাই নিয়ে আসেন। তাদের কথামতো সেখানে প্রার্থনা সারতে হয়। ততক্ষণে সে গাছের সেদিনের ইজারাদারের আঙুল মাথার চুল স্পর্শ করে ফেলেছে। আশীর্বাদী ছোঁওয়ায় পুণ্যলাভ চূড়ান্ত ও পরিপূর্ণ। তার দক্ষিণ হস্ত প্রসারিত। দক্ষিণাহীন মুক্তি অসম্ভব।মুক্তি দাবিমতো। ওপাশে ফল্গুর দীর্ঘ প্রসারিত প্রাণহীন বালিয়াড়ি। এপাশে অফুরন্ত প্রাণময় অক্ষয় বট। ঈশ্বরের কাছে সকরুণ প্রার্থনা করলাম, মা-বাবার আত্মার মুক্তি হোক। তারা স্বর্গলাভ করুন।



সৌজন্যে— প্রতিদিন)

# হরেকরকম হরেকরকম হরেকরকম

## কফিপ্রেমীদের জন্য দুঃসংবাদ আনছে ‘কফি রাস্ট’



সকালে ঘুম থেকে উঠে বা বিকেলের ক্লান্তিটা দূর করতে কফির বিকল্প ভাবতে পারেন না অনেকেই। শুধু ঘুম তাড়াতেই নয়, কফির আরও নানাবিধ উপকারিতার কথা বলে থাকেন পুষ্টি বিশেষজ্ঞরা। কিন্তু বিশ্বের কফি শিল্প মারাত্মক ঝুঁকির মধ্যে রয়েছে ‘কফি রাস্ট’ নামের এক প্রকার রোগের কারণে।

কফি রাস্ট শতাব্দীরও বেশি সময় ধরে কফি চাষীদের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। এটি এক প্রকার ফাঙ্গাস সংক্রমিত রোগ। হেমিলিয়া ভাস্টাট্রিক্স নামক ফাঙ্গাস এর জন্য দায়ী।

এ ফাঙ্গাস সংক্রমণে কফি গাছের পাতায় বাদামি রঙের ছোপ দেখা দেয়। এই ছোপগুলো দেখতে অনেকটা লোহার মরিচার মতো হওয়ায় রোগটির নাম দেওয়া হয় কফি রাস্ট। রোগাক্রান্ত গাছের পাতা সবুজ থেকে বাদামি রং ধারণ করতে থাকে। এক পর্যায়ে গাচটি বীজ উৎপাদন ক্ষমতা হারিয়ে ফেলে।

উনিশ শতকের শেষ দিকে শ্রীলঙ্কা, ফিলিপাইনসহ দক্ষিণ পূর্ব এশিয়ার দেশগুলো কফি রপ্তানিতে শীর্ষে অবস্থান করছিল। কিন্তু কফি রাস্টের কারণে দেশগুলো কফি উৎপাদন থেকে সরে এসেছে।শ্রীলঙ্কার কফি শিল্প ধ্বংসের জন্য এ রোগকেই দায়ী করেন ইতিহাসবিদরা।

বিশ্বে কফি উৎপাদন ও রপ্তানিতে কলম্বিয়ার অবস্থান তৃতীয়। ২০১৭ সালে কফি রপ্তানি করে দেশটি দুই দশমিক চার বিলিয়ন বৈদেশিক মুদ্রা অর্জন করে। কলাম্বিয়ার মোট রপ্তানি আয়ের সাত দশমিক সাত শতাংশই আসে কফি খাত থেকে। কিন্তু গত কয়েক দশক ধরে দেশটির কফি শিল্প মারাত্মক ক্ষতির মুখোমুখি হতে হয়েছে কফি রাস্টের কারণে।

তাই অনেক বছর ধরেই কলাম্বিয়ার গবেষকরা চেষ্টাচালিয়ে যাচ্ছেন কফি রাস্টের হাত থেকে সেদেশের কফি শিল্পকে বাঁচানোর উপায় খুঁজে বের করতে। সম্প্রতি একটি সমাধানও খুঁজে পেয়েছেন তারা।

গবেষণায় দেখা গেছে, সব ধরনের কফি গাছ এ রোগে আক্রান্ত হয় না। গবেষণার স্বার্থে কফি গাছকে দু’টি প্রজাতিকে ভাগ করা হয়েছে। এদের একটির প্রচলিত নাম বিউটি। এ প্রজাতির কফি হয় স্বাদে, গন্ধে ও মানে উন্নত। উৎপাদনও তুলনামূলক ব্যয়বহুল। তবে এতে কফি রাস্টের ঝুঁকি বিদ্যমান।

অপর প্রজাতিটির প্রচলিত নাম ‘বিস্ট’। বিশ্বে এ প্রজাতির কফি তেমন জনপ্রিয় নয়। তবে আশচর্যের ব্যাপার হলো, এ প্রজাতির গাছগুলো কফি রাস্টে আক্রান্ত হয় না।

তাই গবেষকরা এ দুই প্রজাতির কফি গাছের ডিএনএ নিয়ে নতুন হাইব্রিড তৈরির চেষ্টা চালান। গবেষকদের লক্ষ্য ছিল, নতুন হাইব্রিড প্রজতিটি যেন স্বাদে, গন্ধে ও মানে উন্নত হয় এবং একই সঙ্গে রাস্ট প্রতিরোধ করতে সক্ষম হয়। বহু চেস্টার পর গবেষকরা একধরনের হাইব্রিড তৈরি করতে পেরেছেন যারনাম ক্যাস্টিলো। এই ক্যাস্টিলো জাতের গাছে কফি রাস্ট সংক্রমিত হওয়ার সম্ভাবনা কম। এর গুণগত মানও বেশ ভালো।

২০০৮ সালে কফি রাস্টের আক্রমণে কলাম্বিয়ার ২৫ শতাংশ কফি ক্ষেত নষ্ট হয়। এরপর থেকে কলাম্বিয়া সরকার কফি চাষিদের ক্যাস্টিলো চাষের উপর জোর দেয়। বর্তমানে সেদেশের ৭৬ শতাংশ খামারে ক্যাস্টিলো চাষ হচ্ছে।

কলাম্বিয়ার গবেষকরা বিশ্বের অন্যান্য দেশেও কফি রাস্ট মোকাবেলায় ক্যাস্টিলো জাতের কফি

চাষের গুরুত্ব তুলে ধরছেন। তাছাড়া কফি আমদানি-রপ্তানির সঙ্গে জড়িত বিভিন্ন পর্যায়ের ব্যবসায়ীদের এর আর্থিক গুরুত্ব সম্পর্কে জানানো হচ্ছে।

কিন্তু কফিপ্রেমীরা যেন বরাবরই একটু খুঁতখুঁতে প্রকৃতির। কফি স্বাদ ও গন্ধে একদম নির্ভেজাল না হলে যেন চলে না। তাই বাজারে ক্যাস্টিলোর সফলতা অর্জনের জন্য কফিপ্রেমীদের কাছে এর জনপ্রিয়তা বাড়ানো প্রয়োজন বলে মনে করছেন বিশেষজ্ঞরা। আর কফির উৎপাদন ব্যাহত মানেই সরবরাহ কমে যাওয়া, যা কফিপ্রেমীদের কোনোভাবেই কাম্য নয়।

## দানায় দানায় গুর, তিসি-যাপন করলেই ডায়াবেটিস-ক্যানসারে মোক্ষম উপকার

ব্লাড প্রেশার থেকে সুগার। ডায়াবেটিস থেকে ক্যানসার। সব রোগের মহৌষধ তিনি। এক চামচ তিসিবীজের প্রচুরপ্রোটিন। তিসি খান। তাহলেই হাজারো রোগ গায়েব।

তিসির লাড্ড। মুখে দিলেই আহা। হুধুই কি লাড্ডু, হেঁশেলের মশলায় তিনি অন্যতম। তিসির তেলের গুণ বলেশেষ করা যাবে না। তিসি বীজ ফাইবার, ওমেগা ত্রি ও ওমেগা সিক্স ফ্যাটি অ্যাসিডের প্রধান উৎস।

তিসি-তে কী কী পুষ্টিগুণ রয়েছে? ১০০ গ্রাম তিসি বীজে রয়েছে ৫৩৪ ক্যালরি, ১৮.২৯ গ্রাম আমিষ ২৭.৩ গ্রাম স্নেহ, ২৮.৮৮ গ্রাম শর্করা, ১.৬৪ মিলিগ্রাম থায়ামিন ০.১৬১ মিলিগ্রাম রাইবোফ্লাভিন, ৩৯২ মিলিগ্রাম ম্যাগনেসিয়াম, ৬৪২ মিলিগ্রাম ফসফরাস, ৮১৩ মিলিগ্রাম পটাসিয়াম, ৪.৪৩ মিলিগ্রাম জিঙ্ক, ০.১৭৪ মিলিগ্রাম ম্যাঙ্গানিজ, ৬ মাইক্রোগ্রাম ফলেট। সত্যি বলতে কী, এত পুষ্টিগুণ খুব কম খাবারেই আছে।

তিসির গুণ জেনে নিন—

ওজন কমায়— তিসির স্বাস্থ্যকর ফ্যাট ও আঁশ অনেকক্ষণ পেট ভরে রাখে। ফলে কম খাবার খেলেও চলে।ওজন কমাতে প্রতিদিনের খাবার তালিকায় স্যুপ, স্যালাড ও যে কোনও পানীয়ের সঙ্গে কয়েক চা চামচ তিসিবীজ খাওয়া যেতে পারে।

খারাপ কোলেস্টেরল কমায়— গবেষকদের দাবি,শরীরে ভাল কোলেস্টেরল বাড়ায় এবং খারাপ কোলেস্টেরল কমায় তিসিবীজ।

ডায়াবিটিস নিয়ন্ত্রণ— তিসিবীজ রক্তে চিনির মাত্রা কমায়। ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখে। দৈনিক ১৫-২০ গ্রাম তিসি খেলে ডায়াবেটিস হওয়া ঝুঁকি কমে।

হজমে সাহায্য— শরীরের দূসিত পদার্থবের করে দেয় তিসি। অতিরিক্ত মেদ কমায়। কোষ্ঠকাঠিন্য থেকে মুক্তি পেতে ১-২ টেবিল চামচ তিসিরতেল ১ কাপ গাজরের রসের সঙ্গে নিয়মিত খেলে উপকার পাওয়া যায়। গ্যাস্ট্রিক ও আলসার উপকার পাওয়া যায়।

ক্যানসার প্রতিরোধী — তিসিতে রয়েছে প্রচুর ফাটোঅ্যাস্ট্রোজেনিক লিগ্নান্স। এটা শরীরে ক্যানসারের কোষ গঠনে বাধা দেয়। স্তন, প্রস্টেট ওভারিয়ান ও কোলন ক্যানসার প্রতিরাধ করে। হার্ট সুস্থ — তিসিবীজে রয়েছে আলফা লিনোলিক অ্যাসিড। এটা হৃদরোগ প্রতিরোধ করে।

তামাকের নেশা থেকে মুক্তি — প্রতিদিন লাঞ্চের পর অল্প একটু তিসি চিবোলে তামাক বা অন্য নেশা থেকে মুক্তি পাওয়া যেতে পারে বলে দাবি গবেষকদের।

সুন্দর ত্বক, চুল, নখ— প্রতিদিন ১ চামচ তিসি গুঁড়ো। চুল পড়া কমায়। স্কিন ও নখকে স্বাস্থ্যবান করে।

## মানুকা মধুর চেয়েও বেশি উপকারী টার্কিশ মধু

নতুন এক গবেষণায় দেখা গেছে, দক্ষিণ পূর্ব তুরস্কের হাক্কারি প্রদেশের উৎপাদিত মধু জনপ্রিয় মানুকা মধুর চেয়েও বেশি উপকারী।

এতদিন নিউজিল্যান্ড ও অস্ট্রেলিয়ার মানুকা মধু বাজারের অন্যসব মধুর চেয়ে বেশি ওষুধিগুণ সম্পন্ন বলে গণ্য করা হতো। মানুকা নামক এক প্রকার ঝোপ জাতীয় উদ্ভিদের ফুল থেকে এ মধু উৎপাদন করাহয়। এ মধুতে এক প্রকার অ্যান্টি মাইক্রোবিয়াল উপাদান বিদ্যমান যা ক্ষতিকর ব্যাকটেরিয়া প্রতিরোধ করে।

গবেষকরা বলছেন, টার্কিশ মধুতে অ্যান্টি মাইক্রোবিয়াল উপাদানের পরিমাণ ও কার্যকারিতা মানুকা মধুর চেয়েও বেশি। তুরস্কের ট্র্যাবজোন শহরে অবস্তিত কারাদেনিজ টেকনিক্যাল ইউনিভার্সিটি রড় গবেষকরা জানান এ তথ্য।



তুরস্কের বিভিন্ন অঞ্চলের উৎপাদিত মধুর উপর এ গবেষণা চালানো হয়।গবেষকদের সদস্য সেভগি কোলাহ বলেন, ‘হাক্কারি প্রদেশের ফুল থেকে উৎপাদিত মধু ব্যাটকেরিয়ার বিরুদ্ধে অ্যান্টিবায়োটিকের মতো কাজ করে এবং তা মানুকা মধুর চেয়েও অধিক কার্যকর। এছাড়াও বিভিন্ন জাতের বাদাম ও ওক থেকে উৎপাদিত মধুতেও অ্যান্টি-ব্যাকটেরিয়ল বৈশিষ্ট্য পরিলক্ষতি হয়েছে।

সেভগি কোলাহ আরও বলেন, গাঢ় রঙের মধুতে অ্যান্টি অক্সিডেন্ট উপাদান বেশি থাকে এবং অ্যান্টি মাইক্রোবিয়াল উপাদান বেশি থাকে হালকা রঙের মধুতে। তুরস্ক উভয় প্রকার মধু উৎপাদনেই নির্ভরতার প্রমাণ দিচ্ছে। বর্তমানে বিশ্বের সবচেয়ে বেশি মধু উৎপাদনকারী দেশগুলোর মধ্যে তুরস্ক তৃতীয় । চীন ও আর্জেন্টিনার পরেই অবস্থান করছেদেশটি।

## হাই কোলেস্টেরল ? জেনে নিন কী খাবেন আর খাবেন না

রক্তের অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান হল কোলেস্টেরল। রক্তে উপস্থিত ৭৫ শতাংশ কোলেস্টেরল স্বাভাবিকভাবে আমাদের দেহে এমনিই উৎপাদন হয়। কিন্তু বাকি ২৫ শতাংশ কোলেস্টেরল আসে বিভিন্ন প্রাণীজ খাবার থেকে। এখন এই কোলেস্টেরল ভালো না খারাপ? রক্তে উপস্থিত এই কোলেস্টেরল দুধরনের এল ডি এল ( লো ডেনসিটি লিপিড প্রোফাইল) ও এইচ ডি এল (হাই ডেনসিটি লিপিড প্রোফাইল) এরমধ্যে এইচডিএল-কে বলা হয় ‘গুড কোলেস্টেরল’ আর এল ডি এল-কে বলা হয় ‘ব্যাড কোলেস্টেরল’। এখন এই গুড ও ব্যাড কোলেস্টেরলের মধ্যে ভারসাম্যের অভাব ঘটলেই শরীরে বিভিন্ন রকম উপসর্গ দেখা দেয়।

হৃদরোগ, হার্ট অ্যাটাক, স্ট্রোকের ঝুঁকি বাড়ে। তাই দেহে কোলেস্টেরলের মাত্রা ঠিক রাখতে আমাদের প্রত্যেকেরই উচিত কিছু খাদ্যাভ্যাস মেনে চলা। লাইফস্টাইলেও কিছু পরিবর্তন আনা। কী খাবেন

—ওটস, বার্লির মত পুষ্টি উপাদানে ভরপুর দানাশস্য

- স্যালমন, টুনা ও সার্ডিনের মত ফ্যাটি মাছ

— ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিডে সমৃদ্ধ ভেজিটেবল অয়েল যেমন অ্যাভোকোডো, ফ্ল্যাক্স সিড, অলিভ অয়েল ও ক্যানোলা অয়েল

- বিনাস

- চিনাবাদাম ও কাঠবাদাম

- অ্যান্টি অক্সিড্যান্ট সমৃদ্ধ ফল ও শাকসবজি

কী খাবেন না

- রেড মিড

- দুগ্ধজাত দ্রব্য

— প্রসেসড মিট

- স্যাচুরেটেড তেল যেমন নারকেল ও তাল তেল

- ভাজা খাবার

- ধূমপান ও মধ্যপান

এছাড়া শরীরে কোলেস্টরেলের মাত্রা ঠিক রাখতে সবসময় নিজেকে শারীরিকভাবে সচল রাখা উচিত। প্রতি রাতে পর্যাপ্ত পরিমাণে ঘুমানো উচিত।

## কুকুর মালিকদের মৃত্যু ঝুঁকি কম

কুকুর মালিকদের মৃত্যুর ঝুঁকি কম, বলছেন সুইডেনের একদল গবেষক। প্রায় ৩০ লাখেরও বেশি সুইডিশের উপর গবেষণা চালিয়ে এ তথ্য জানাচ্ছেন তারা।

গবেষণায় ৪০ থেকে ৮০ বছর বয়সী সুইডিশদের মেকিডেল তথ্য বিশ্লেষণ করা হয়। গবেষকরা বলছেন, কুকুর পালন মানুষের শারীরিক কার্যকলাপ ও সামাজিক যোগাযোগ বৃদ্ধিতে সহায়তা করে। যা হৃদরোগ আক্রান্ত হওয়ার ঝুকি কমায়।

তাছাড়া কুকুর মাইক্রোবায়োম নামে পরিচিত কিছু গৃহস্থালি ব্যাকটেরিয়ার হাত থেকেও মালিককে সুরক্ষা দেয়। কুকুর পালনে ঘরের ধূলাবালি, ময়লা ইত্যাদির পরিবেশগত পরিবর্তন ঘটে। এ পরিবর্তন কিছু গৃহস্থালি ব্যাকটেরিয়াকেও প্রভাবিত করে। যেসব মানুষ একাকী বসবাস করেন তাদের বিশেষ সরক্ষা দেয় কুকুর। গবেষকদলের প্রধান মিয়েনইয়া মুবাংগা বলেন, একাকী বসবাসকারী কুকুর মালিকদের মৃত্যুর ঝুঁকি ৩৩ শতাংশ কম এবং হার্ট অ্যাটাকের ঝুঁকি কম ১১ শতাংশ।

তিনি আরও বলেন, এর আগে গবেষণায় দেখা যায় একাকী বসবাসকারী মানুষদের হার্ট অ্যাটাকের ঝুঁকি অন্যদের তুলনায় বেশি। সুতরাং, একাকী মানুষের জন্য কুকুর হয়ে উঠতে পারে পরিবারের একজন গুরুত্বপূর্ণ সদস্য।

কিছু শিকারি প্রজাতির কুকুর যেমন--- রিট্রাইভার, হাইন্ড, টেরিয়ার ইত্যাদি পালন হৃদরোগের ঝুঁকি কমাতে অধিক কার্যকরী।

বিজ্ঞান সাময়িকী সায়েন্স রিপোর্টসে প্রকাশিত ও গবেষণাপত্রটি তৈরি হয়েছে ২০০১

সাল থেকে ২০১২ সাল পর্যন্ত সংগৃহীত তথ্যের উপর ভিত্তি করে।

জাতীয় তথ্যভান্ডার থেকে এ সময়ের মধ্যে সুইডেনের হাসপাতালগুলোতে সেবা নিতে আগত নাগরিকদের তথ্য বিশ্লেষণ করা হয়েছে ২০০১ সালে থেকে কুকুর মালিকদের নিবন্ধন বাধ্যতামূলক করা হয় সেদেশে।

## নিঃশ্বাসের দুর্গন্ধ দূর করতে যা করবেন

আপনার মুখ থেকে দুর্গন্ধ বের হলে আপনি বুঝতে না পারলেও আপনার সামনের মানুষটি ঠিকই আপনার ব্যাপারে নীতিবাচক ধারণা পোষণ করবে। তাই সচেতন ব্যক্তিরা এ ব্যাপারে সবসময় সতর্ক থাকে। নিঃশ্বাসের দুর্গন্ধ হওয়া থেকেও জল আপনাকে বাঁচাবে। আমরা প্রায়ই নিঃ শ্বাসের দুর্গন্ধ হওয়া থেকেও জল আপনাকে বাঁচাবে। আমরা প্রায়ই নিঃশ্বাসকে সতেজ রাখতে মিন্ট (পুদিনা) চকলেট ব্যবহার করে থাকি। মূলত নিঃ শ্বাসের দুর্গন্ধ হওয়ার জন্য দায়ী খাবারের পর মুখে উৎপন্ন সালফার যৌগ। বারবার জল ন্দ্রপদ্ধত্রন করলে এই সাফলারযৌগ পরিষ্কার হয় যায়। তারপর সেখানে দুর্গন্ধ



নিষ্ক্রিয়কারী লালা আসে এবং মুখের দুর্গন্ধ দূর হয়।

ভিটামিনের কার্যকারিতার জন্য ভিটামিন শরীরের বিভিন্ন ক্রিয়া বিক্রিয়ার গতিকে প্রভাবিত করে। ভিটামিনের কাজ তাই খুবই জরুরি। তাই ভিটামিন এমন সময় গ্রহণ করা উচিত যখন তা কাজ করার উপযুক্ত পরিবেশ পায়। কেননা কাজ করার ভাল পরিবেশ ও উপযুক্ত সময়ের অভাে ভিটামিন তার গ্রহণযোগ্যতা হারায়।

উপযুক্ত শর্তগুলো হচ্ছে ভিটামিন গ্রহণের সঙ্গে সামান্য চর্বি খাবেন। কেননা চর্বিতে দ্রবণীয় ভিমাটিনগুলো এ, ডি, ই, কে এর শোষণের জন্য চর্বি অত্যাবশ্যক।

যদি আপনি দৈনিক একটি ভিটামিন ট্যাবলেট গ্রহণ করেন তবে তা সকালের টিফিনের সঙ্গে গ্রহণ করুন। কিন্তু যদি দৈনিক দু’টি হয় তবে সকাল টিফিনের পর একটি এবং রাতে ঘুমাতে যাওয়ার আগে অপরটি গ্রহণ করুন।

যদি আপনি অতিরিক্ত ভিটামিন— সি গ্রহণ করতে চান, প্রতিবারের গ্রহণের মাঝে কিছু সময় বিরতি রাখবেন।

## বাড়িতে ওষুধ ভাল রাখার উপায় কী ?

মাসকাবারি ওষুধ কেনেন? স্যাঁতসেঁতে বর্ষায় ড্যাম্প ওষুধে? সেই ওষুধই খাচ্ছেন বা ফেলে দিচ্ছেন? বাড়িতে ওষুধ ভাল রাখার উপায় কী? ওষুধ সংরক্ষণে মানতে হবে কয়েকটি নিয়ম। তাহলে বেশিদিন টাটকা রাখা যাবে ওষুধ।

মানুষের বাঁচার ৩ টি উপাদান কী? শুধু আলো, জল, বাতাস নয়, মানুষের জীবনের আরও একটি গুরুত্বপূর্ণ অঙ্গ ওষুধ। সর্দি, কাশি, জ্বর, মাথাব্যথা নিত্যসঙ্গী। তাই বাড়িতে হাতের কাছেই মজুত রাখতে হয় ওষুধ। কিন্তু দীর্ঘদিন বাড়িতে পড়ে থেকে ওষুধ নষ্ট হওয়ার আশঙ্কা থাকেই। বিশেষ করে বর্ষাকালে। ওষুধ নষ্ট, টাকা নষ্ট। কিন্তু এই নষ্টের হাত থেকে বাঁচার উপায় কী? মানুষের বাঁচার



৩ টি উপাদান কিন্তু নষ্ট করতে পারে শরীর সুস্থ করার উপাদানকে। বেশি তাপ, বাতাস, আলো এবং ময়েশ্চার ওসুধকে নষ্টকরতে পারে। ঠান্ডা এবং শুকনো জায়গায় রাখতে হবে ওষুধ। ড্রেসার ড্রয়ার কিংবা কিচেন ক্যাবিনেটে রাখা যেতেপারে ওষুধ। তবে, আগুন, স্টোভ, সিঙ্ক এবং গরম কোনও সরঞ্জাম থেকে দূরে রাখতে হবে। স্টোরেজ বক্স বা তাকে রাখা যেতে পারে ওষুধ। না হলে এক্সপায়ারি ডেটের আগেই নষ্ট হয়ে যেতে পারে ওষুধ।



মঙ্গলবার ডিস্টিক লেভেল ক্যুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী রায়। ছবি- নিজস্ব।

# ভারত-পাক সমস্যার দ্বিপাক্ষিক সমাধানই হবে : ট্রাম্পের সঙ্গে বৈঠকে মোদী

বিয়ারিৎজ (ফ্রান্স), ২৬ আগস্ট (হি. স.) : ফ্রান্সে জি-সেভেন বৈঠকের মাঝেই সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠকে কাশ্মীর নিয়ে মধ্যস্থতার বিষয়টি উড়িয়ে দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, অন্য কোনও দেশের মাধ্যমে নয় বরং দ্বিপাক্ষিকভাবেই সমাধান হবে ভারত-পাক সমস্যার। প্রধানমন্ত্রী মোদী বলেন, 'ভারত-পাকিস্তানের মধ্যে সমস্ত ইস্যু দ্বিপাক্ষিক, এ কারণেই আমরা এই বিষয়ে অন্য কোনও দেশকে জড়াতে চাই না। ১৯৪৭ সালের আগে ভারত ও পাকিস্তান একসঙ্গে ছিল এবং আমি আত্মবিশ্বাসী যে আমরা আমাদের সমস্যাগুলি নিয়ে আলোচনা করতে পারি এবং তার সমাধানও করতে পারি, একসঙ্গে।'

জি-৭ সম্মেলনের মধ্যেই দক্ষিণ-পশ্চিম ফ্রান্সের বিয়ারিৎজ শহরে একাধিক রাষ্ট্রনেতার সঙ্গে মুখোমুখি বৈঠক করছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এর আগে রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব অ্যান্তোনিয়ো গুতেরেস এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের সঙ্গেও বৈঠক করেন তিনি।

কূটনৈতিক সূত্রে খবর, বিশ্ব উষ্ণায়ন, সন্ত্রাসবাদ-সহ বিভিন্ন ইস্যুতে আলোচনা হলেও প্রায় সব বৈঠকেই প্রাধান্য পেয়েছে কাশ্মীর। তবে প্রতি ক্ষেত্রেই নিজেদের অবস্থান স্পষ্ট করে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আমেরিকার প্রেসিডেন্ট জানান, 'আমরা কাশ্মীর নিয়ে কথা বলেছি, প্রধানমন্ত্রী সত্যিই মনে করেন যে, বিষয়টি নিয়ন্ত্রণে রয়েছে। আমি নিশ্চিত, ভারত পলিস্তানের সঙ্গে কথা বলে কিছু ভালো সিদ্ধান্ত নিতে সক্ষম হবে।'

# হরিদ্বারের গঙ্গায় অস্থি বিসর্জন করা হল প্রয়াত প্রাক্তন অর্থমন্ত্রীর অরুণ জেটলির

হরিদ্বার (উত্তরাখন্ড), ২৬ আগস্ট (হি.স.) : উত্তরাখন্ডের হরিদ্বারের গঙ্গায় প্রয়াত প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী অরুণ জেটলির অস্থি বিসর্জন দেওয়া হল। সোমবার তাঁর পুত্র রোহন অস্থি বিসর্জন দেয়।

তাঁর সঙ্গে ছিলেন উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াত এবং কেন্দ্রীয়মন্ত্রী রমেশ পোখরিওয়াল। এদিন উত্তরাখন্ডের হরিদ্বারের গঙ্গায় বৈদিক মন্ত্রচারণের মধ্যে দিয়ে অস্থি বিসর্জন করা হয়।

উল্লেখ করা যেতে পারে রবিবার নিগমবোধ ঘাটে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় শেষকৃত্য সম্পন্ন হয় প্রয়াত প্রাক্তন অর্থমন্ত্রী।

তাঁর আগে বিজেপি দলীয় কার্যালয়ে তাঁকে শেষ শ্রদ্ধা জানান বিজেপির সর্বভারতীয় সভাপতি অমিত শাহ, কার্যকারি সভাপতি জগত প্রকাশ নাড্ডা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

বুকে ব্যথা ও শ্বাসকষ্টের সমস্যা নিয়ে গত ৯ আগস্ট থেকে দিল্লির এইমস-এ চিকিতাধীন ছিলেন অরুণ জেটলিউ লাইফ সাপোর্ট সিস্টেমে রাখা হয়েছিল জেটলিকেউ চিকিতকদের বহু প্রচেষ্টা সত্ত্বেও, প্রাণে বাঁচানো সম্ভব হল না অরুণ জেটলিকেউ শনিবার দুপুর ১২.০৭ মিনিট নাগাদ জীবনাবসান হয় প্রবীণ এই বিজেপি নেতার।

# মাওবাদী প্রভাবিত জেলাগুলিতে ফোর-জি পরিষেবা চালুর দাবি কমল নাথের

নয়াদিল্লি, ২৬ আগস্ট (হি.স.) : রাজ্যের মাওবাদী প্রভাবিত জেলাগুলিতে ফোর-জি পরিষেবা চালু করার দাবি করলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী কমল নাথ। সোমবার মাওবাদী প্রভাবিত রাজ্যগুলি মুখ্যমন্ত্রীদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ঊ ওই বৈঠকেই এবিষয়ে তিনি কেন্দ্রের কাছে আবেদন করেন ঊ

এদিন দিল্লির বিজ্ঞান ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী কমল নাথ। সেখানে তিনি মধ্যপ্রদেশের মাওবাদী প্রভাবিত দুই জেলা বালাঘাট এবং মান্ডলায় ফোর-জি পরিষেবা চালু করার দাবি তোলেন তিনি। মাওবাদী দমনে রাজ্য সরকার যে সকল পদক্ষেপ তুলে ধরা হয়েছে তা খতিয়ান তুলে ধরে কমল নাথ বলেন মাওবাদ দমনে ২০০০ সাল থেকে হক ফোর্স গড়ে তোলা হয়েছে। পাশাপাশি উন্নয়নমুখী কাজকর্মও হয়েছে। রাজ্যের একাধিক উন্নয়নমুখী পদক্ষেপের জেরে ছত্তিশগড় এবং মহারাষ্ট্র সীমান্ত লাগোয়া বালাঘাট এবং মান্ডলায় মাওবাদীদের কার্যকলাপ নিয়ন্ত্রিত করা গিয়েছে। মাওবাদ দমনে গোয়েন্দাদের বিশেষ ভূমিকা রয়েছে বলে জানিয়েছেন তিনি।

বৈঠকে কমল নাথ আরও বলেন ফোর-জি পরিষেবা না থাকায় তথ্য আদান প্রদানের ক্ষেত্রে বড় অসুবিধা তৈরি হয়েছে। এই সকল এলাকায় টু-জি পরিষেবার উপরেই নির্ভরশীল।পাশাপাশি বালাঘাট এবং মান্ডলায় সেতু এবং সড়ক সম্প্রসারণের কাজ দ্রুততার সঙ্গে তরান্বিত করার জন্য কেন্দ্রের তরফে আর্থিক সাহায্য চান কমল নাথ। তিনি আরও বলেন মাওবাদী দমনে পুলিশ বাহিনীর আধুনিকীকরণ করা হয়েছে। ট্রাকার, জিপিএস, ড্রোন, ট্র্যাপ ক্যামেরা, মাওবাদীদের গুলি প্রতিরোধের জন্য বিশেষ বর্ম, জঙ্গলে টহল দেওয়ার জন্য বিশেষ গাড়ির ব্যবস্থা করা হয়েছে। এমনকি মাওবাদী প্রভাবিত এলাকায় আদিবাসীদের পাট্টা প্রদান করা হয়েছে।

# উর্ধ্বমুখী সেনসেক্স ও নিফটির সূচক

মুম্বাই, ২৬ আগস্ট (হি. স.) : সোমবার বাজার খোলার পরে চড়চড় করে উঠল সেনসেক্স ও নিফটির সূচক। সেনসেক্স এদিন বেড়েছে ৮০০ পয়েন্ট। নিফটি পেরিয়েছে ১১,০৫০ পয়েন্ট।

আইডিবিআই ক্যাপিটালের কর্তা এ কে প্রভাকর বলেন, সরকার কয়েকটি সঠিক সিদ্ধান্ত নিয়েছে। এরপর সেনসেক্স ও নিফটি সূচক উঠতেই থাকবে। আমার ধারণা, ডিসেম্বরের শেষে সেনসেক্স ও নিফটি নতুন রেকর্ড স্পর্শ করবে। সরকার গত সপ্তাহে ঘোষণা করেছিল, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির রিক্যাপিটালাইজেশনের জন্য ৭০ হাজার কোটি টাকা দেওয়া হবে। তারপরে এদিন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির শেয়ারের দর বেড়েছে। সেন্ট্রাল ব্যাঙ্ক অব ইন্ডিয়া, ইন্ডিয়ান ব্যাঙ্ক, এলাহাবাদ ব্যাঙ্ক এবং জম্মু-কাশ্মীর ব্যাঙ্কের শেয়ারের দাম বেড়েছে পাঁচ থেকে সাড়ে নয় শতাংশ পর্যন্ত।

নিফটি ফিনান্সিয়াল সার্ভিসেস, নিফটি প্রাইভেট ব্যাঙ্ক এবং নিফটি মিডিয়ার শেয়ারের দাম বেড়েছে ২.৯ থেকে ৩.৪ শতাংশ পর্যন্ত। অন্যদিকে নিফটি মেটালের শেয়ারের দাম পড়েছে ১.৬ শতাংশ। চিন ও আমেরিকার মধ্যে বাণিজ্য যুদ্ধের জন্যই তার দাম কমেছে। মিড ক্যাপ এবং স্মল ক্যাপ শেয়ার কেনার জন্যও ক্রেতারা উৎসাহ দেখিয়েছেন। নিফটি মিডক্যাপ হান্ড্রেড ইনডেক্স সূচক বেড়েছে ১.৪ শতাংশ। নিফটি স্মলক্যাপ হান্ড্রেড ইনডেক্স শেয়ারের দাম দুই শতাংশ বেড়েছে। নিফটির শেয়ারগুলির মধ্যে ইয়েস ব্যাঙ্কের শেয়ারের দাম বেড়েছে সবচেয়ে বেশি। ৫.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে তার দাম হয়েছে ৬২.৭০ টাকা। ইয়েস ইন্ডিয়া বুলস হাউজিং ফিনান্স, আদানি পোর্টস, এইচডিএফসি, এইচডিএফসি ব্যাঙ্ক, বাজাজ ফিন্যান্স, লার্সেন অ্যান্ড টুব্রো, আলট্রাটেক সিমেন্ট এবং আইসিআইসিআই ব্যাঙ্কের শেয়ারের দামও ৩ থেকে ৩.৬ শতাংশ বেড়েছে।

# জন্মাষ্টমীর ডিজে বাজানোকে কেন্দ্র করে বুদবুদের শাঁকুড়ী গ্রামে দুই পাড়ার সংঘর্ষ, আহত ১৫

দুর্গাপুর, ২৬ আগস্ট (হি. স.) : জন্মাষ্টমীর বিসর্জনে ডিজে বাজানোয় গবাদী পশু ঘরে ফেরাতে বিপাকে পড়ে। আর তার জেরে দুই পাড়ার মধ্যে তুমুল সংঘর্ষ হয়। মারধর, বাড়ি ভাঙচুর, লুটপাটের অভিযোগ। সোমবার সকাল থেকে ঘটনাকে কেন্দ্র করে উত্তপ্ত হয়ে উঠল পূর্ব বর্ধমানের বুদবুদের শাঁকুড়ী গ্রাম। ঘটনায় আহত হয়েছে ১৫ জন। শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। পরিস্থিতি সামাল দিতে নামল বিশাল পুলিশবাহীনি ও কমব্যাট ফোর্স।

ঘটনায় জানা গেছে, রবিবার সন্ধ্যায় শাঁকুড়ী গ্রামের আঁকুড়ে পাড়ার জন্মাষ্টমীর বিসর্জন ছিল। সেই মতো বিকাল থেকে ডিজে বাজানো চলছিল বলে অভিযোগ। বিকালে মাঠ থেকে গবাদি পশু বাড়ি ফেরাতে বিপাকে পড়ে ঘোষ পাড়ার লোকজন। অভিযোগ, কিছুক্ষণের জন্য নিষেধ করা স্বত্ত্বেও তারস্বরে চলছিল ডিজে বাজানো। এক রাখাল প্রতিবাদ করতে গিয়ে আক্রান্ত হয়। আর তাতেই ক্ষেপে ওঠে ঘোষ পাড়ার লোকজন। খবর চাউর হতেই রাতে আঁকুড়ে পাড়ার লোকজনদের ওপর চড়াও হয় ঘোষপাড়ার লোকজন। খবর পেয়ে বুদবুদ থানার পুলিশ পরিস্থিতি সামাল দেয়।

পরদিন অর্থাৎ সোমবার ওই ঘটনায় অগ্নিগর্ভ হয়ে ওঠে গোটা এলাকা। ঘোষ পাড়ার প্রায় শ"দেড়েক লোক লাঠি, বাঁশ, রড নিয়ে আঁকুড়ে পাড়ায় তান্ডাব চালায় বলে অভিযোগ। কমবেশী প্রায় ৩৫ টি বাড়িতে বেপরওয়া ভাঙচুর চালানো হয়। বাড়ির চালা ভাঙা থেকে শুরু করে আসবাব পত্র এমনকি পানীয় জলের নলকুপও ভেঙে দেওয়া হয়। আরও অমানবিক রান্নার খাদ্যসামগ্রী যেমন চাল ফেলে তছনছ করে তারওপর কেরোসিন ঢেলে দেওয়া হয় বলে অভিযোগ। আক্রান্ত পার্বতী আঁকুড়ে, পদ্মা আঁকুড়ে, পুর্নিমা আঁকুড়ে প্রমুখ মহিলারা জানান,' সকালে পুলিশের সামনেই অমানবিক তান্ডবলীলা চালায় ঘোষ পাড়ার লোকজন। বাড়ি ভাঙচুর, বাড়ীর সমস্ত কিছু ভেঙে লন্ডভন্ড করে দিয়েছে। বাড়ীর আলমারি ভেঙে, টাকাকড়ি, সোনার গহনা সব লুট করেছে। পুলিশ ছিল নিরব দর্শক। মহিলাদের মারধর করে। আহত হয়ছে ১৫ জন।' আক্রান্তরা আরও জানান,' অসহায় গরীব মানুষ আমরা এখন বৃষ্টিতে কোথায়, কিভাবে থাকব। কি খাব দুঃশ্চিন্তায়।' খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বুদবুদ থানার বিশাল পুলিশবাহীনি নামে কমব্যাট ফোর্স।

এদিকে ঘটনাকে ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। স্থানীয় বিজেপির জেলা কমিটির সদস্য গৌতম চক্রবর্তী জানান,' শাঁকুড়ী গ্রামের আঁকুড়ে পাড়ার সব বিজেপিকর্মী। রাত্রে স্বাভাবিক হওয়ার পর সকালে ঘোষ পাড়ার কয়েকজন তৃণমূলের নেতৃত্বে তান্ডবলীলা চলে। একই সঙ্গে ঘটনার জন্য দায়ী পুলিশি ব্যার্থতা। উত্তেজনা থাকা স্বত্ত্বেও পুলিশ নিরব দর্শক ছিল। ঘটনার তীব্র প্রতিবাদ করছি।' অন্যদিকে অভিযোগ অস্বীকার করে তৃণমূলের গলসী-১ নং ব্লক সভাপতি জাকির হোসেন জানান,'গোটা ঘটনাটি বিজেপির গোষ্ঠীকোন্দল। এলাকায় অশান্তি ও হিংসা ছড়াতে তৃণমূলকে দায়ী করছে। কোনভাবেই তৃণমূল যুক্ত নয়। আমরা চাই এলাকায় শান্তি বজায় থাকুক।' পুলিশ জানিয়েছে,' পরিস্থিতি স্বাভাবিক। এলাকায় পুলিশ মোতায়ন রয়েছে।

# বিশ্ব হিন্দু পরিষদের সমাবেশ চলাকালীন পাথর ছোঁড়াছুঁড়িতে গ্রেফতার ৪৫

জয়পুর, ২৬ আগস্ট (হি. স.) : রাজস্থানের সোওয়াই মাধোপুর জেলার গঙ্গাপুর শহরে বিশ্ব হিন্দু পরিষদের সমাবেশে পাথর ছোঁড়াছুঁড়ির ঘটনায় ৪৫ জনকে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশের এক সিনিয়র কর্তা সোমবার এব্যাপারে জানান, পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এলাকায় মোবাইল ইন্টারনেট পরিষেবা স্থগিত রাখা হয়েছে।

সাওয়াই মাধোপুরের পুলিশ সুপার সুধীর চৌধরী জানান, 'ভারতীয় দন্ডবিধির বিভিন্ন ধারায় ৪৫ জনকে গ্রেফতার করা হয়েছে। অভিযুক্তদের আজ (সোমবার) ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করা হয়েছে। এলাকায় ১৪৪ ধারা জারি করা হয়েছে এবং মোবাইল ইন্টারনেট পরিষেবা স্থগিত করা হয়েছে।'

এদিন পুলিশ সুপার সুধীর চৌধরী আরও বলেন, ঘটনায় জড়িত উভয় সম্প্রদায়ের তরফ থেকেই ক্রস এফআইআর রেজিস্টার করা হয়েছে এবং বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। স্থানীয় সূত্রের খবর, বিশ্ব হিন্দু পরিষদ আয়োজিত রবিবারের সমাবেশে গঙ্গাপুর এলাকার একটি মসজিদ এবং আশেপাশের বাড়ি থেকে পাথর ছুঁড়তে শুরু করে বেশ কয়েকজন। ঘটনায় চার-পাঁচ জন আহত হয়েছেন। আইন-শৃঙ্খলা রক্ষার জন্য এলাকায় অতিরিক্ত বাহিনী মোতায়েন করা হয়েছিল বলে পুলিশ জানিয়েছে।

# ফের রোগী মৃত্যুকে ঘিরে উত্তাল রায়গঞ্জ হাসপাতাল চত্বর

রায়গঞ্জ, ২৬ আগস্ট (হি.স.): ফের রোগী মৃত্যুকে ঘিরে উত্তাল হয়ে উঠল হাসপাতাল চত্বর। এবার ঘটনা রায়গঞ্জে।

সোমবার সকালে এই ঘটনার জেরে তীব্র উত্তেজনা ছড়ায় রায়গঞ্জ সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে। হাসপাতালের নার্স ও অন্য কর্মীদের ব্যাপক মারধর করা হয়েছে বলে অভিযোগ। ভাঙচুর চালানো হয় হাসপাতালে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও র‍্যাফ। জানা গেছে, করণদীঘির তৃণমূল কংগ্রেস বিধায়ক মনোদেব সিনহার আত্মীয়া লিপিকা সিনহা বুকে ব্যথা নিয়ে রবিবার রাতে রায়গঞ্জ সরকারি হাসপাতালে ভর্তি হন। তাঁর আত্মীয়দের অভিযোগ, রাতে ভর্তি করা হলেও বিনা চিকিৎসাতেই ফেলে রাখা হয়েছিল তাঁকে। আজ সকালে মৃত্যু হয় তাঁর। এরপরেই উত্তাল হয়ে ওঠে হাসপাতাল চত্বর। অভিযোগ, উত্তেজিত বাসিন্দারা নার্সদের উপর চড়াও হয়। চুলের মুঠি ধরে মারধর করা হয় নার্সদের। গত ১১ জুন কলকাতার এনআরএস মেডিক্যাল হাসপাতালের চিকিৎসক নিগ্রহের ঘটনায় তোলপাড় হয়েছিল গোটা রাজ্য। সেই ঘটনার পরে রাজ্যজুড়ে ধর্মঘট শুরু করেছিলেন চিকিৎসকরা। পরিস্থিতি সামাল দিতে ১৭ জুন আন্দোলনকারীদের সঙ্গে বৈঠকে বসেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ডাক্তার, নার্স ও হাসপাতালের কর্মীদের নিরাপত্তার জন্য বেশ কিছু ব্যবস্থা ঘোষণা করেছিলেন তিনি। বলেছিলেন, হাসপাতালে গেট বসবে, পুলিশ থাকবে, রোগীর সঙ্গে দু'জনের বেশি ঢুকবে না। বৈঠক থেকে একটি কমিটিও গড়ে দিয়েছিলেন তিনি। সাত দিন অন্তর রিভিউ করার কথা সেই কমিটির। হাসপাতাল পিছু একজন করে নোডাল অফিসার নিয়োগের কথাও বলেছিলেন তিনি।

এত সবের পরেও পরিস্থিতি কেন সেই একই জায়গায় দাঁড়িয়ে সেটা নিয়েই প্রশ্ন তুলেছেন রায়গঞ্জ হাসপাতালের ডাক্তার ও নার্সরা। কর্তব্যরত নার্স তন্ময়ী বিশ্বাস, সুমনা পালরা বলেন, 'রাতে ওই রোগিণীকে হাসপাতালে ভর্তি করার পরেই দ্রুত তাঁর চিকিৎসার ব্যবস্থা হয়েছিল। কোনও গাফিলতি হয়নি। কিন্তু আজ সকালে তাঁর মৃত্যুর খবর শোনার পরেই তাঁর পরিবারের লোকজন আচমকা এসে আমাদের উপর চড়াও হয়। চুলের মুঠি ধরে মারধর করে। অশালীন ভাষায় গালিগালাজ করতে থাকে। আতঙ্কে রয়েছি আমরা'। মৃতার ভাই বিপ্লব সিনহা তাঁদের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেন। তাঁদের পালটা অভিযোগ হাসপাতালের নার্সরাই বহিরাগতদের নিয়ে এসে তাঁদের উপর হামলা চালায়। রায়গঞ্জ থানার পুলিশ জানিয়েছে, গোটা ঘটনার তদন্ত শুরু হয়েছে। কথা বলা হচ্ছে নার্সদের সঙ্গে।

# জি-সেভেন সামিট : কাশ্মীর নিয়ে মধ্যস্থতার প্রশ্নই উড়ে গেল মোদী-ট্রাম্প বৈঠকে

বিয়ারিৎজ (ফ্রান্স), ২৬ আগস্ট (হি. স.) : ফ্রান্সে জি-সেভেন বৈঠকের মাঝেই সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠকে নরেন্দ্র মোদী, মার্কিন প্রেসিডেন্টকে একপ্রকার বুঝিয়েই দিলেন যে, 'কাশ্মীর দ্বিপাক্ষিকই, মধ্যস্থতার প্রয়োজন নেই!' বৈঠকের পরে যৌথভাবে সাংবাদিক বৈঠক করেন মোদী ও ট্রাম্প। আমেরিকার প্রেসিডেন্ট জানান, 'আমরা কাশ্মীর নিয়ে কথা বলেছি, প্রধানমন্ত্রী সত্যিই মনে করেন যে, বিষয়টি নিয়ন্ত্রণে রয়েছে। আমি নিশ্চিত, ভারত পলিস্তানের সঙ্গে কথা বলে কিছু ভালো সিদ্ধান্ত নিতে সক্ষম হবে।' প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, 'ভারত-পাকিস্তানের মধ্যে সমস্ত ইস্যু দ্বিপাক্ষিক, এ কারণেই আমরা এই বিষয়ে অন্য কোনও দেশকে জড়াতে চাই না।'

ফ্রান্সে জি-৭ বৈঠকের ফাঁকে প্রেসিডেন্ট ট্রাম্প বহুবার বলেছিলেন, কাশ্মীর নিয়ে মোদীর সঙ্গে আলোচনা করতে বিশেষ বাবে উৎসুক তিনি। কাশ্মীর সমস্যা সমাধানে তিনি যে মধ্যস্থতাতেও উৎসাহী। কিন্তু, কাশ্মীর নিয়ে নিজেদের অবস্থান প্রধানমন্ত্রী মোদী স্পষ্ট করে দেওয়ার পর তা কার্যত মেনে নিতে বাধ্য হলেন প্রেসিডেন্ট ট্রাম্প। যৌথ সাংবাদিক সম্মেলনের পর উত্তেজনা হ্রাস করতে ভারত-পাকিস্তানের মধ্যে সংলাপের প্রয়োজনীয়তার বিষয়টি পুনরায় নিশ্চিত করেছেন প্রেসিডেন্ট ট্রাম্প। একইসঙ্গে আফগানিস্তানের একটি গুরুত্বপূর্ণ অংশীদার হিসাবে ভারতের ভূমিকাও স্বীকার করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

# পুলিশের সঙ্গেই হেলমেট পরে বাইক চালালেন ২৫ জন আইন ভঙ্গকারী

কলকাতা, ২৬ আগস্ট (হি.স): পুলিশি অভিযানে প্রায় প্রতি দিনই ধরা পড়েন হেলমেটহীন বাইক আরোহীরা। নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে তাঁদের জরিমানাও করে থাকে ট্রাফিক পুলিশ। এমনই ২৫জন বাইক আরোহী সোমবার 'পথ নিরাপত্তা সপ্তাহ'-এর সূচনায় ট্রাফিক নিয়ম না ভাঙার অঙ্গীকার করলেন। শুধু তাই নয়, এই দিনের অনুষ্ঠানে তাঁরা পুলিশকর্মীদের সঙ্গে বাইকও চালালেন। তবে এবার হেলমেট পরে।

'সেফ ড্রাইভ, সেভ লাইফ' প্রচারকে সামনে রেখে কলকাতা ট্র্যাফিক পুলিশ আগামী এক সপ্তাহ ধরে শহরের বিভিন্ন প্রান্তে বিশেষ কর্মসূচি পালন করবে। এদিন পুলিশ ট্রেনিং স্কুলে পথ নিরাপত্তা সপ্তাহের কর্মসূচির উদ্বোধন করেন কলকাতার পুলিশ কমিশনার অনুজ শর্মা। দু'টি ট্যাবলো আগামী এক সপ্তাহ ধরে শহরের বিভিন্ন প্রান্তে ঘুরবে। সেফ ড্রাইভ, সেভ লাইফ' সচেতনতার কারণে গত কয়েক বছরে 'দুর্ঘটনা অনেকটাই কমেছে

ছয়ের পাতায়

# ২২ দিনেও সম্পুর্ণ স্বাভাবিক ছন্দে ফিরল না উপত্যকা

শ্রীনগর, ২৬ আগস্ট (হি. স.) : ৩৭০ ধারা বিলোপের পর ২২ দিনেও এখনও অবধি বাজার থেকে স্কুল বন্ধ রয়েছে ভূস্বর্গে। বাস বা গাড়িও সেরকম ভাবে চলছে না বললেই চলে !

উপত্যকার বিভিন্ন অঞ্চলে ইন্টারনেট ব্যবস্থা এখনও চলছে না বিএসএনএল-এর ব্রডব্যান্ড এবং প্রাইভেট কানেকশন। ২২ দিনেও এখনও পর্যন্ত সম্পুর্ণ স্বাভাবিক ছন্দে ফিরল না উপত্যকার সাধারণ জনজীবন। উপত্যকার বেশ কিছু অঞ্চলে ল্যান্ডলাইন টেলিফোন সার্ভিস ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে বলে খবর।

পরিস্থিতি স্বাভাবিক রয়েছে দাবি করছে প্রশাসন। পুলিশ সূত্রে জানা গিয়েছে, উপত্যকার বেশ কিছু জায়গায় নতুন করে ল্যান্ডলাইন সার্ভিস চালু করা হচ্ছে।

উপত্যকার বেশিরভাগ অঞ্চলে বিধিনিষেধ প্রত্যাহার করা হয়েছিল, তবে এখনও পর্যন্ত প্রতিরক্ষা বাহিনী মোতায়েন থাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে দাবি করছে জম্মু ও কাশ্মীরের প্রশাসন। প্রশাসনিক আধিকারিকেরা সোমবার জানান, কাশ্মীরে যোগাযোগ ব্যবস্থা কিছুটা হলেও সহজ হয়ে গিয়েছে কারণ দিনদুয়েক আগেই উপত্যকা জুড়ে বেশিরভাগ জায়গায় ল্যান্ডলাইন টেলিফোন পরিষেবা পুনরুদ্ধার করা হয়েছে। পরিবহন ব্যবস্থা স্বাভাবিক না হলেও ছোট প্রাইভেট গাড়ি চলছে। এরই মধ্যে রবিবার রাতে পুলিশের ট্রাক ভেবে অনন্তনাগ জেলার বিজবেহারায় পাথর ছোঁড়ে বিক্ষোভকারীরা। ঘটনার জেরে মৃত্যু হয়েছে ট্রাকচালকের। সোমবার সকালে জম্মু ও কাশ্মীর পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, পাথর নিক্ষেপকারী দু'জন যুবককে গ্রেফতার করা হয়েছে। এছাড়াও ৬ জনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, কাশ্মীর জুড়ে বাজার থেকে অন্যান্য ব্যবসায়িক প্রতিষ্ঠান টানা ২২ দিন ধরে বন্ধ থাকায় রাস্তাঘাট ফাঁকাই ছিল অধিকাংশ এলাকায়। আধিকারিকেরা জানান, বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানগুলি এখনও বন্ধ রয়েছে এবং সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থীদের ন্যূনতম উপস্থিতি দেখা গিয়েছে।




মঙ্গলবার বিজেপি সদর কার্যালয়ে আয়োজিত হয় বিজেপির শীর্ষ নেতাদের নিয়ে এক সাংবাদিক সম্মেলন। ছবি- নিজস্ব।

# মাওবাদী প্রভাবিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে বৈঠক অমিতের

নয়াদিল্লি, ২৬ আগস্ট (হি.স.) : লক্ষ্য মাওবাদীদের দমন করা। সেই লক্ষ্যে সোমবার মাওবাদী প্রভাবিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠক করলেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

এদিন দিল্লির বিজ্ঞান ভবনে এই বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, ওডিশা, অন্ধ্রপ্রদেশ, ঝাড়খন্ড, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীরা। বৈঠকে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে আমন্ত্রণ জানানো হলেও তিনি এই বৈঠকে যোগ দেননি। বৈঠকে মহারাষ্ট্র, তেলেঙ্গানা, ছত্তিশগড়ের সীমান্তের সংযোগস্থলে মাওবাদীদের বাড়বাড়ন্তের বিষয়টি নিয়ে আলোচনা হয়। বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করেন স্বরাষ্ট্রমন্ত্রী। এর মোকাবিলার বিষয়ে কি পদক্ষেপ নেওয়া উচিত তাও আলোচনা হয়। পাশাপাশি মাওবাদীদের আর্থিক অবস্থা বিষয়টিও উত্থাপন করা হয় বৈঠকে। কি ভাবে এবং কারা অর্থ যোগান দিচ্ছে তাও বৈঠকে উঠে আসে।

সম্প্রতি কেন্দ্রীয় বাহিনী সেন্ট্রাল আর্মড পুলিশ ফোর্স (সিএপিএফ) রাজ্য পুলিশের সহযোগিতায় মাওবাদী প্রভাবিত বিভিন্ন জায়গায় অভিযান চালিয়েছে। বেশ কয়েকজন মাওবাদীকে নিকেশও করা হয়েছে। এমনকি ছত্তিশগড়ের সাম্প্রতিক সময়ে বহু মাওবাদী কম্যাণ্ডার আত্মসমর্পণও করেছে। এদিনের বৈঠকে সেই বিষয়টিও উত্থাপিত হয়।

# ঝাড়গ্রামে বিজেপির মন্ডল সভাপতিকে গ্রেফতারের প্রতিবাদে থানা ঘেরাও করে বিক্ষোভ দলীয় কর্মীদের

ঝাড়্গাম, ২৬ আগস্ট (হি. স.): বিজেপির মন্ডল সভাপতিকে বীনা অপরাধে গ্রেফতার ও জামিন অযোগ্য ধারায় মামলা রুজু করার প্রতিবাদে থানা ঘেরাও করে বিক্ষোভ দেখাল বিজেপি কর্মী সমর্থকেরা। বিজেপির দাবি পুলিশ শিলদা মন্ডলের মন্ডল সভাপতি রজত ঘোষকে বীনা অপরাধে গ্রেফতার করেছে। তার সঠিক তদন্ত করে মামলা প্রত্যাহার করতে হবে। তৃণমুল অঞ্চল সভাপতি সিন্টু সাহার নামে অভিযোগ থাকা সত্ত্বেও পুলিশ তাকে গ্রেফতার করছে না।

এরই প্রতিবাদে সোমবার বিনপুর থানা ঘেরাও করে স্মারকলিপি জমা দেন বিজেপির নেতা কর্মীরা। পরে পুলিশ সঠিক তদন্তের আশ্বাস দেওয়ার পরেই তাদের বিক্ষোভ কর্মসুচি তুলে নেন। এদিন মোট চার দফা দাবি নিয়ে বিনপুর থানার আই সি কে স্মারকলিপি জমা দেন বিজেপি কর্মীরা। উল্লেখ্য গত ২৩ আগস্ট দিদিকে বলো কর্মসূচি করছিলেন বিনপুরের বিধায়ক খগেন্দ্র নাথ হেমব্রম। ওই সময় বিজেপির কর্মী সমর্থকেরা বিধায়কের উপর হামলা ও তৃণমূলের হাড়দা অঞ্চল সভাপতির বাড়ি ভাঙচুর করার অভিযোগ উঠেছিল বিজেপির বিরুদ্ধে। ওইদিন এই ঘটনার পরেই তৃণমূলের রাত্রী যাপন কর্মসূচি বাতিল করেছিল শাসক দলের নেতা কর্মীরা। যদিও এই হামলার ঘটনা পুরোপুরি ভাবে অস্বীকার করেছিল বিজেপি। তারপর তৃণমুলের পক্ষ থেকে বেশ কয়েকজন বিজেপি নেতার নামে বিনপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। পুলিশ অভিযোগ পাওয়ার পরেই ধরপাকড় শুরু করেন। সেই অভিযোগের ভিত্তিতে রবিবার রাতে শিলদা মন্ডল সভাপতি রজত ঘোষকে গ্রেফতার করে পুলিশ। এদিন ঝাড়্গাম জেলা বিজেপির সহ সভাপতি অজয় চক্রবর্তী বলেন, 'পুলিশ অন্যায় ভাবে শিলদা মন্ডলের মন্ডল সভাপতি রজত ঘোষকে গ্রেফতার করে জামিন অযোগ্য ধারায় মামলা দিয়েছে। মিথ্যা মামলা দেওয়ার প্রতিবাদে আমরা থানা ঘেরাও করে স্মারকলিপি দিয়েছি। আই সি আমাদেরকে কথা দিয়েছেন বিষয়টি উনি তদন্ত করে দেখবেন।'

# চিরঞ্জিতের "বুড়ো সাধু" হয়ে ওঠার গল্প বলবে ঋত্বিক

কলকাতা,২৬ আগস্ট (হি.স.):অভিনেতা চিরঞ্জিত হঠাৎ "বুড়ো সাধু" হয়ে উঠলেনঊ আর সেই "বুড়ো সাধু" হয়ে ওঠার গল্প বলবে অভিনেতা ঋত্বিকঊকারণ "বুড়ো সাধু"-র অবতারে ধরা দিলেন অভিনেতা চিরঞ্জিতেঊ মুক্তি পেল ভিক পরিচালিত নতুন ছবি "বুড়ো সাধু"-র প্রথম পোস্টার ঊ ছবিতে কৈশোর থেকে যৌবন,যৌবন থেকে বার্ধক্যের গল্প বলবে অভিনেতা ঋত্বিকঊছবিতে অভিনেতা ঋত্বিককে দেখা যাবে একেবারে অন্যরকম লুকে। ছবিতে তাঁর পারিবারিক জীবনটা সমস্যায় জর্জরিত, তাঁর প্রেমের জীবনও

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ **রিলিভার্স :** ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# বাঁকুড়াকে ফাইলেরিয়া মুক্ত করতে স্বাস্থ্য দফতরের উদ্যোগ

বাঁকুড়া, ২৬ আগস্ট (হি. স.) : বাঁকুড়া জেলাকে ফাইলেরিয়া মুক্ত করতে স্বাস্থ্যদফতর বিশেষ উদ্যোগ গ্রহণ করেছে। ফাইলেরিয়া নির্মূল করতে জেলা জুড়ে বিশেষ অভিযান চালাবে স্বাস্থ্য দফতর। সোমবার থেকে এই অভিযান শুরু হচ্ছে অভিযান চলবে ৩১ আগস্ট পর্যন্ত।

পশ্চিমবঙ্গের যে কটি জেলায় ফাইলের আক্রান্তের সংখ্যা বেশি তার মধ্যে অন্যতম হলো বাঁকুড়া। এই জেলা থেকে ফাইলেরিয়া নির্মূল করতে অতীতে বিভিন্ন ধরনের কর্মসূচি নেওয়া হয়েছে তবে এবার সম্পূর্ণ আলাদা ভাবে এই কর্মসূচিকে রুপায়ন করা হবে।এদিন জেলা স্বাস্থ্য দপ্তর থেকে এদিন সাংবাদিক সম্মেলনে এই উদ্যোগের কথা জানানো হয়।এদিন সাংবাদিক সম্মেলনে অতিরিক্ত স্বাস্থ্য সচিব নিমাই মন্ডল জানান ।

## সভা

● প্রথম পাতার পর

গঠন করা হবে। সবশেষে ডিসেম্বর মাসে রাজ্য কমিটির সভাপতি নির্বাচিত হবেন।

এদিন তিনি আরও জানান, সমস্ত কার্যকর্তাকে নির্বাচনের কাজে ঝাঁপিয়ে পড়ার পরামর্শ দেওয়া হয়েছে। সে-ক্ষেত্রে কোথাও কোনও প্রতিবন্ধকতার মুখোমুখি হলে তাঁদের নির্দ্বিধায় নির্বাচন প্রভারী-সহ শীর্ষ নেতৃত্বের সাহায্য নেওয়ার জন্য বলা হয়েছে। তিনি জানান, সাংগঠনিক নির্বাচন সহমতের ভিত্তিতেই অনুষ্ঠিত হবে।

## গ্রেপ্তার

● প্রথম পাতার পর

করে ৬ দিনের পুলিশ রিমান্ডের আবেদন জানানো হয়েছিল। কিন্তু, আদালত ৩ দিনের রিমান্ড মঞ্জুর করেছে। পুলিশের দাবি, তাঁকে জেরা করে আরও অনেক রাঘব বোয়ালদের জালে তোলা সম্ভব হবে। কারণ, ওই মাদক পাচারচক্রের সাথে হেভিওয়েট নেতাদের পাশাপাশি জনৈক আইনজীবীর নামও জড়াবে বলে পুলিশের অনুমান।

# ঝাড়্গাম শহরে উদ্বোধন হল সাংসদ অফিসের

ঝাড়্গাম, ২৬ আগস্ট(হি. স.) : সোমবার ঝাড়্গাম শহরে উদ্বোধন হয়ে গেল সাংসদ অফিসের। এদিন শহরের ছমছাম মোড় সংলগ্ন এলাকায় এই সাংসদ অফিসের উদ্বোধন করেন ঝাড়্গামের সাংসদ কুনার হেমব্রম। এবার থেকে সাধারণ মানুষজনেরা তাদের অভাব অভিযোগের পাশাপাশি বিভিন্ন দাবি দাওয়ার কথা জানতে পারবেন সাংসদ অফিসে।

এদিন সাংসদ অফিস উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপির ঝাড়গ্রাম জেলা সভাপতি সুখময় শতপথি, জেলা সধারণ সম্পাদক অবনী ঘোষ, সঞ্জিত মাহতো সহ জেলার প্রমুখ বিজেপি নেতৃত্বের। উল্লেখ্য ঝাড়গ্রাম জেলা বিজেপির নিজস্ব দলীয় অফিস থাকলেও সাধারণ মানুষের কথা শোনার জন্য সাংসদের আলাদা অফিস খোলা হল বলে জানিয়েছেন বিজেপির জেলা নেতৃত্ব এবং সাংসদ। এদিন ঝাড়গ্রামের বিজেপির সাংসদ কুমার হেম্ব্রম সংবাদিকদের সামনে বলেন, "এখানে যে কোন দলের মানুষজনেরা তারা তাদের নিজেদের সমস্যার কথা বলতে পারেন তাই আলাদা করে এই অফিস উদ্বোধন করা হয়েছে।সবাই যাতে নির্বিঘ্নে আসতে পারেন এবং নিজের কথা বলতে পারে। তাই আলাদা করে এই অফিসটা উদ্বোধন করা হয়েছে।"

উল্লেখ্য ঝাড়গ্রাম লোকসভা আসনে বিজেপি জয় লাভ করার পর থেকে তাদের নির্বাচিত সাংসদ ঝাড়গ্রাম জেলার বিভিন্ন গ্রামে ঘুরে বেড়াচ্ছেন।এলাকার বিভিন্ন মানুষের সমস্যার কথা শুনছেন। সম্প্রতি নয়াগ্রাম ব্লকের ওড়িষা রাজ্য লাগাগো আড়রা গ্রামপঞ্চায়েতের অন্তর্গত বক্সা আদিবাসী অধ্যুষিত গ্রামে গিয়েছিলেন।সেখানে আন্ত্রিকে আক্রান্ত মানুষজনের সাথে কথা বলে এসেছিলেন।গ্রামের বিভিন্ন মানুষের সমস্যার কথা শুনেছিলেন।হাসপাতালে ভর্তি আক্রান্তের সাথে দেখা করেছিলেন।ঝাড়গ্রাম জেলার বিভিন্ন প্রান্তের রাজনৈতিক দল নির্বিশেষে মানুষ জন যাতে তাদের চাহিদা বা দাবি দাওয়ার কথা সরাসরি সাংসদকে জানিতে পারেন তার জন্য এবার খুলে গেলে ঝাড়গ্রামের সাংসদরে অফিস।সরাসরি দেখা করে তারা কথা বলতে পারবেন বলে জানিয়েছেন বিজেপি নেতৃত্ব।

# দাবি আদায়ে অধ্যাপকদের পদযাত্রা, স্মারকলিপি রাজ্যপালকে

কলকাতা, ২৬ আগস্ট (হি. স.): মহাবিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দীর্ঘদিনের জমে থাকা দাবি আদায়ের জন্য স্মারকলিপি দেওয়া হল রাজ্যপাল জগদীপ ধনকরকে। সোমবার অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসঙ্ঘর (এবিআরএসএম)-এর পশ্চিমবঙ্গ শাখা 'জাতীয়তাবাদী অধ্যাপক ও গবেষক'-এর তরফে এ দিন শিক্ষকরা একটি পদযাত্রাও করেন।

দুপুরে বিড়লা তারামন্ডল থেকে প্রায় দেড়শ অধ্যাপক ধর্মতলা পর্যন্ত মিছিলে শামিল হন। বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় এবং গবেষণা সংস্থার সাংগাঠনিক প্রতিনিধিরা ছিলেন এতে। ভবিষ্যৎ সুনিশ্চিত করা ছাড়াও আংশিক সময়ের/ চুক্তিভিত্তিক ও অতিথি অধ্যাপকদের প্রতি সুবিচারের দাবি জানান তাঁরা।

সংগঠনের সহ সভাপতি সন্দীপ চট্টোপাধ্যায় 'হিন্দুস্থান সমাচার'-কে বলেন, "প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে পঠনপাঠনের পরিবেশ ও গুরু-শিষ্যের সম্পর্কের বাতাবরণ ফিরিয়ে আনতে হবে। দাবি আদায়ে যেন শিক্ষকদের নিজেদের লড়াইয়ে নামতে না হয়।'

# প্রধানমন্ত্রীর প্রশংসা করায় শশী থারুরের নিন্দায় মুখর কংগ্রেস নেতৃত্ব

কোচি, ২৬ আগস্ট (হি.স.) : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রশংসা করার জন্য দলীয় সাংসদ শশী থারুর নিন্দায় মুখর হলেন বর্ষীয়ান কংগ্রেস নেতা তথা কেরল বিধানসভার বিরোধী দলনেতা রমেশ চেন্নিথালা।

সোমবার কেরলের আলাপুঝাঁয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রমেশ চেন্নিথালা বলেন, যারা নরেন্দ্র মোদীর প্রশংসা করবে কংগ্রেস দল তাদের সমর্থন করবে না। আগে নরেন্দ্র মোদীর জনবিরোধী কাজকে কেউ অবজ্ঞা করতে পারবে না। প্রধানমন্ত্রী একটা ভাল কাজকে গৌরবান্বিত করা উচিত নয়। তিনি হাজারটা ভুল কাজ করেছেন। নরেন্দ্র মোদীর পদক্ষেপ জনগণ সমর্থন করবে না।

উল্লেখ করা যেতে পারে গত শুক্রবার জয়রাম রমেশকে সমর্থন করে অভিষেক মণু সিঙ্ঘভি এবং শশী থারুর বলেছিলেন, সব সময়ে নরেন্দ্র মোদীকে নিন্দা করাটা সঠিক নয়। প্রধানমন্ত্রীর ভাল কাজের প্রশংসা করা উচিত।

ইতিমধ্যেই আর এক বর্ষীয়ান কংগ্রেস নেতা কে মুরলীধরন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে যেসব কংগ্রেস নেতা সমর্থন করবেন তাদের উচিত কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগ দেওয়া। এর পাল্টা শশী থারুর এদিন বলেন, ভিন্ন মত থাকতেই পারে তাই এই বিষয়ে তিনি কারও কোন জ্ঞান শুনবেন না।

## আইন ভঙ্গকারী

পাচের পাতার পর

বলে দাবি কলকাতা ট্রাফিক পুলিশের। চালকেরা ট্রাফিক আইন মেনে যাতে গাড়ি চালান, সে বিষয়ে আরও গুরুত্ব দেওয়া হচ্ছে। জরিমানার পাশাপাশি বেপরোয়া চালকদের সচেতন করার প্রক্রিয়াও চলবে বলে জানিয়েছেন পুলিশ কর্তারা।

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে বছর ভর 'সেফ ড্রাইভ, সেভ লাইফ' প্রচার কর্মসূচিতে বিভিন্ন উদ্যোগী হয় কলকাতা পুলিশ। শুধু মামলা করাই নয়, বেপরোয়া বাইক এবং গাড়ি চালকদের কাউন্সেলিংয়ের মাধ্যমে পথ নিরাপত্তার পাঠ দেওয়া হয় বিভিন্ন ট্রাফিক গার্ডে।

## বিচারক

● প্রথম পাতার পর

রেখে দেওয়াতেই বিপত্তি শুরু হয়ে যায়। চলে বাকবিতন্ডা। শুরু হয়ে যায় বিচারকের দেহরক্ষী ও ড্রাইভারের সাথে ধস্তাধস্তি ও হাতাহাতি। এক সময় তমলা দেবনাথ বাড়ি নেজাতী পল্লী এবং প্রাণতোষ দেবনাথ বাড়ি কলোনী এলাকাতে তারা দলবদ নিয়ে এসে জেলা বিচারক ও তার দেহরক্ষী সহ ড্রাইভারের উপচর চরাও হয়ে ছিনিয়ে নেয় বাইকের চাবি। দেহরক্ষীর দ্বারা আটককৃত বাইক এবং বাইক চালককে ঘটনাস্থল থেকে পালিয়ে যেতে সাহায্য করে।

ঘটনাস্থল থেকে জেলা আদালতে বিচারক এডিশ্যানাল এসপি কে খবর দেয়। খবর পেয়ে এডিশ্যানাল এসপি বিলোনীয়া থারার ওসিকে খবর পাঠায়। ওসি খবর পেয়ে কর্তব্যরত পুলিশ অফিসার সহ অতিরিক্ত পুলিশ কর্মীদের ঘটনা স্থলে পাঠায়। ঘটনাস্থল থেকে আদালতের বিচারককে উদ্ধার করে এবং হামলাকারী তমাল দেবনাথ ও প্রাণতোষ দেবনাথকে আটক করে থানায় নিয়ে আসে। পুলিশ দেহরক্ষীর জবান বন্দি নিয়ে স্বতঃপ্রনোদিত মামলা গ্রহণ করে। যার মামলা নম্বর ১২৭/২০১৯/২৭৯/৩৫৩/৫-০৬/৩৪আইপিসি ধারাতে মামলা রজু করে আটক কৃত দুইজনকে সোমবার আদালতে তোলার পর আদালতের বিচার তমাল ও প্রাণতোষকে ১৪ দিনের জেলের রাখার নির্দেশ দেন। পুলিশ বাইক চালক সহ অন্যান্য হামলাকারীদের গ্রেপ্তার করার প্রয়াস জারি রেখেছে।

## পাথারকান্দিতে

● প্রথম পাতার পর

তাদের পাথারকান্দি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়েছে। তবে আহতরা সংকটমুক্ত বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

পুলিশ জানিয়েছে, লরিতে রুচি কোম্পানির প্রায় কুড়ি লক্ষ টাকার ভোজ্য তেল ছিল। দুর্ঘটনার পর তেলের প্যাকেট লুটপাটের চেষ্টা করা হলেও পুলিশের হস্তক্ষেপে তা বানচাল হয়েছে।

## মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

সরকার উদ্যোগ নিয়েছে। অটল জলধারা মিশনের মাধ্যমে রাজ্যের প্রতিটি বাড়িতে ২০২২ সালের মধ্যে পানীয় জলের সংযোগ দেওয়ার কাজ রাজ্যে এগিয়ে চলেছে। রাজ্যের যোগাযোগ ব্যবস্থার কথা উল্লেখ করে তিনি বলেন, খুব শীঘ্রই রাজ্যে চার জোড়া ডেমু ট্রেন চালু হবে। কেন্দ্রে নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার ক্ষমতায় আসার পর উত্তর-পূর্বাঞ্চলে রেল পরিষেবায় যা বিনিয়োগ হয়েছে তার পঞ্চাশ শতাংশ হয়েছে ত্রিপুরা রাজ্যে, বলেন তিনি।

সাথে যোগ করেন, আগামী দিনে ধর্মনগর-কৈলাসহর-পেঁচারথলকে রেলের আওতায় আনার জন্য ৪১.৭ কিমি নতুন রেললাইন স্থাপনের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর সুন্দরী কাঞ্চনপুর ভৌগোলিক দিক দিয়ে একটা সুবিধাজনক অবস্থায় রয়েছে। একদিকে মিজোরাম ও অসম এবং অন্যদিকে বাংলাদেশের সাথে আন্তর্জাতিক সীমান্তের সাথে যুক্ত হওয়ার কারণে এই মহকুমার উন্নয়নের একটা বড় সম্ভাবনা রয়েছে। সরকার সেই লক্ষ্যে কর্মসূচি নিচ্ছে।

মুখ্যমন্ত্রী বলেন, লক্ষ্য রাখতে হবে সীমান্তের সুযোগ নিয়ে কাঞ্চনপুর যেন মাদক চোরাচালানকারীদের প্রবেশদ্বার হয়ে উঠতে না পারে। বর্তমান সরকার ত্রিপুরাকে নেশামুক্ত রাজ্যে পরিণত করার লক্ষ্যে কাজ করছে। সরকারের এই কর্মসূচিকে সফল করে তুলতে কাঞ্চনপুরবাসীকেও গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে। নেশাগ্রস্তদের সমাজের মূল স্রোতে ফিরিয়ে আনতে হবে। সবাই মিলে চেষ্টা করলে শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে উঠবেই, দৃঢ় প্রত্যয়ের সাথে বলেন তিনি।

মুখ্যমন্ত্রী বলেন, নেশাকারবারীদের চিহ্নিত করে পুলিশের হাতে তুলে দিন। আইন-শৃঙ্খলা রক্ষায় প্রশাসনকে সাহায্য করার জন্যও তিনি আহ্বান জানান। এই কাজে স্থানীয় অভিভাবকদেরও বলিষ্ঠ ভূমিকা নিতে তিনি আহ্বান জানান।

বিপ্লব দেব আরও বলেন, কাঞ্চনপুরে আজ যে শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন হল, তার যাতে পূর্ণ সদ্ব্যবহার হয়। তাঁর বিশ্বাস, পাঁচ বছর পর এই ত্রিপুরাকে দেখার জন্য দেশের বিভিন্ন প্রান্ত থেকে মানুষ আসবেন। আবেগের সুরে তিনি বলেন, এই সেই ত্রিপুরা যে এক সময় পিছিয়ে পড়া রাজ্য ছিল। আজ সেই ত্রিপুরা সামনের দিকে এগিয়ে চলেছে। নতুন ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার লক্ষ্যেই বর্তমান সরকার কাজ করছে। কারণ, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আশীর্বাদ রয়েছে এই রাজ্যের উপর।

এদিন উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, বিধায়ক প্রেমকুমার রিয়াং, ত্রিপুরা শিল্পোন্নয়ন নিগমের চেয়ারম্যান টিংকু রায়, ত্রিপুরা খাদি ও গ্রামোদ্যোগ পর্যদের চেয়ারম্যান রাজীব ভট্টাচার্য, প্রধানসচিব এসআর কুমার, শিল্প ও বাণিজ্য দফতরের অধিকর্তা কিরণ গিত্যে প্রমুখ। সভাপতিত্ব করেন দশদা বিএসি-র চেয়ারম্যান জিরেন রিয়াং। উদ্বোধনী অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী নবনির্মিত শিল্প প্রশিক্ষণ কেন্দ্রটি পরিদর্শন করেন। দু'শো আসন বিশিষ্ট এই প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তুলতে ব্যয় হয়েছে ৯.৫ কোটি টাকা। এই শিল্প প্রশিক্ষণ কেন্দ্রে ১১০ জন প্রশিক্ষার্থী ভর্তি হয়েছেন।

## বাজেয়াপ্ত

● প্রথম পাতার পর

মহকুমাশাসক অনিরুদ্ধ রায় জানিয়েছেন, দ্বীপ গ্যাস এজেন্সি, ত্রিনয়নী গ্যাস এজেন্সি এবং মহারানি গ্যাস এজেন্সিতে আজ হানা দেওয়া হয়েছে। ওই অভিযানে মোট ২৩টি সিলিন্ডার বাজেয়াপ্ত করা হয়েছে।

তিনি জানান, মহারানি গ্যাস এজেন্সির মালিকের বাড়ি থেকে বেআইনি মজুত ১৫টি ভর্তি সিলিন্ডার এবং অটোতে পাচার করার সময় ৮টি খালি সিলিন্ডার বাজেয়াপ্ত করা হয়েছে। তিনি আরও জানান, ওই অটোটিও আটক করা হয়েছে। তবে, এখনও কারোর বিরুদ্ধে কোনও আইনানুগ ব্যবস্থা নেওয়া হয়নি। মহকুমা প্রশাসন সূত্রের খবর, সমস্ত গ্যাস এজেন্সিকে সতর্ক করা হয়েছে। আগামী দিনে এ-ধরনের অভিযানও জারি রাখবে মহকুমা প্রশাসন। ওই সময় বেআইনি মজুত সিলিন্ডার উদ্ধার হলে সংশ্লিষ্ট গ্যাস এজেন্সির বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেবে মহকুমা প্রশাসন।

## অধিবেশন

● প্রথম পাতার পর

পর্ব, একাধিক বিলের পাশাপাশি প্রাইভেট মেম্বারসরিজলিউশন ইত্যাদি বিষয়ে আলোচনা হবে বলে জানান অধ্যক্ষ।

এবারের বিধানসভা অধিবেশন আরও একটি কারণে বিশেষ তাৎপর্যপূর্ণ। এই কারণটি হল জোট সরকারের শরিক দল আইপিএফটি বিধানসভায় আলাদা স্থানে বসবে। এতদিন বিজেপি এবং আইপিএফটি বিধায়করা বিজেপি বিধায়কদের সঙ্গে বসলেও, কিছুদিন আগে আইপিএফটির তরফে অধ্যক্ষের কাছে দাবি জানানো হয়, তাঁদের ৮ জন সদস্যের জন্য বিধানসভার লবিতে যেন আলাদা আসনের ব্যবস্থা করা হয়। তাঁদের এই দাবির প্রেক্ষিতে অধ্যক্ষ তাঁদের জন্য আলাদা আসন বরাদ্দ করেন।

## মীমাংসা

● প্রথম পাতার পর

তাঁর কথায়, ত্রিপুরায় জাতি-উপজাতি মিলেমিশে থাকেন। ফলে, লেক চৌমুহনি বাজারেও ওই সম্প্রীতি বজায় রেখেই ব্যবসায়ীরা ব্যবসা করবেন। জনৈক অস্থায়ী সবজি ব্যবসায়ী বলেন, আমাদের মধ্যে ঐক্যে কোনও ঘাটতি নেই। বোঝাপড়ার সামান্য অভাব হয়েছিল। তবে, এখন তা মিটে গেছে। বিধায়ক বৃষকেতু দেববর্মা বলেন, ব্যবসায়ীদের অসন্তোষ গুরুত্ব নিয়ে দেখা হয়েছে। প্রশাসন সমস্ত অস্থায়ী ব্যবসায়ীদের সমস্যা সমাধানে যথেষ্ট আন্তরিক।

## বিচারক

● প্রথম পাতার পর

ওঠে। সঙ্গে সঙ্গে এলাকাবাসীরা আমবাসা থানায় খবর দেন। পুলিশ এসে মৃতদেহটি উদ্ধার করে ধলাই জেলা হাসপাতালে ময়না তদন্তের জন্য পাঠিয়ে দেয়।

## প্রধানমন্ত্রী

● প্রথম পাতার পর

স্বীকার করেছেন মার্কিন প্রেসিডেন্ট।

ফ্রান্সে জি-সেভেন বৈঠকের মাঝেই সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠকে কাশ্মীর নিয়ে মধ্যস্থতার বিষয়টি উড়িয়ে দিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, অন্য কোনও দেশের মাধ্যমে নয় বরং দ্বিপাক্ষিকভাবেই সমাধান হবে ভারত-পাক সমস্যার। প্রধানমন্ত্রী মোদী বলেন, 'ভারত-পাকিস্তানের মধ্যে সমস্ত ইস্যু দ্বিপাক্ষিক, এ কারণেই আমরা এই বিষয়ে অন্য কোনও দেশকে জড়াতে চাই না। ১৯৪৭ সালের আগে ভারত ও পাকিস্তান একসঙ্গে ছিল এবং আমি আত্মবিশ্বাসী যে আমরা আমাদের সমস্যাগুলি নিয়ে আলোচনা করতে পারি এবং তার সমাধানও করতে পারি, একসঙ্গে।'

জি-৭ সম্মেলনের মধ্যেই দক্ষিণ-পশ্চিম ফ্রান্সের বিয়ারিৎজ শহরে একাধিক রাষ্ট্রনেতার সঙ্গে মুখোমুখি বৈঠক করছেন প্রধানমন্ত্রী মোদী। এর আগে রাষ্ট্রপুঞ্জের মহাসচিব অ্যান্তোনিয়ো গুতেরেস এবং ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসনের সঙ্গেও বৈঠক করেন তিনি।কূটনৈতিক সূত্রে খবর, বিশ্ব উষ্ণায়ন, সন্ত্রাসবাদ-সহ বিভিন্ন ইস্যুতে আলোচনা হলেও প্রায় সব বৈঠকেই প্রাধান্য পেয়েছে কাশ্মীর। তবে প্রতি ক্ষেত্রেই নিজেদের অবস্থান স্পষ্ট করে দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। আমেরিকার প্রেসিডেন্ট জানান, 'আমরা কাশ্মীর নিয়ে কথা বলেছি, প্রধানমন্ত্রী সত্যিই মনে করেন যে, বিষয়টি নিয়ন্ত্রণে রয়েছে। আমি নিশ্চিত, ভারত পলিস্তানের সঙ্গে কথা বলে কিছু ভালো সিদ্ধান্ত নিতে সক্ষম হবে।'

ফ্রান্সে জি৭ বৈঠকের মাঝেই সোমবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৈঠকের মাঝে ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কের প্রমাণ দিলেন মার্কিন প্রেসিডেন্ট। রসিকতা করে ট্রাম্প বললেন, 'মোদী আসলে খুব ভালো ইংরেজি বলতে পারেন। তবে, বলতে চান না।' সংবাদমাধ্যমের ক্যামেরার সৌজন্যে সেই মুহূর্তের সাক্ষী থাকল বিশ্বের মানুষ।

জি-৭ সম্মেলনের মধ্যেই দক্ষিণ-পশ্চিম ফ্রান্সের বিয়ারিৎজ শহরে একাধিক রাষ্ট্রনেতার সঙ্গে মুখোমুখি বৈঠক করছেন প্রধানমন্ত্রী মোদী। রবিবার ব্রিটেনের প্রধানমন্ত্রীর পর সোমবার ছিল মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে বৈঠক। সেখানেই সংবাদমাধ্যমের উপস্থিতিতে প্রধানমন্ত্রী মোদী হিন্দিতে বলেন, 'আমাদের কথা বলতে দিন। প্রয়োজন অনুযায়ী আপনাদের তথ্য জানিয়ে দেব।' এরপরই মজা করে ট্রাম্প বলেন, 'উনি খুব ভালো ইংরেজি বলতে পারেন, তবে বলতে চান না।' গতবছর নরেন্দ্র মোদী সম্পর্কে বলতে গিয়ে ভারতের প্রধানমন্ত্রীর কথা বলার ভঙ্গি নকল করে দেখিয়েছিলেন। এবার আরও একবার রসিকতা করে উভয়ের সুমধুর সম্পর্কের প্রমাণ দিলেন ডোনাল্ড ট্রাম্প। দিয়েছিল।

## সিইও

● প্রথম পাতার পর

শ্রীরাম তরণিকান্তি বলেন, বাধারঘাট আসনে উপনির্বাচনে ৭১টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে। সেখানে ওই ৫৮,৩০৯ জন ভোটার ভোট দিতে পারবেন। তিনি বলেন, চলতি বছরের ২৭ মার্চ পর্যন্ত চূড়ান্ত ভোটার তালিকা অনুযায়ী বাধারঘাট কেন্দ্রে ওই ভোটার পাওয়া গিয়েছে। তাতে, সাধারণ ভোটার ৫৮,০৭৩ জন এবং সার্ভিস ভোটার ২৩৬ জন রয়েছেন। তিনি জানান, সাধারণ ভোটারদের মধ্যে পুরুষ ২৯,৪৯০ জন এবং মহিলা ২৮,৫৮৩ জন। তেমনি সার্ভিস ভোটারদের মধ্যে পুরুষ ২২৯ জন এবং মহিলা ৭ জন ভোটার রয়েছেন। তবে, বাধারঘাট কেন্দ্রে তৃতীয় লিঙ্গের কোনও ভোটার নেই।

এদিকে, চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হওয়ার পর ক্রমাগত আবেদন জমা পড়ছে। ফলে, আগামী ৪ সেপ্টেম্বরের মধ্যে সমস্ত আবেদনের নিস্পত্তি করা হবে। তাতে, ভোটার তালিকায় পরিবর্তন হবে বলে জানিয়েছেন মুখ্য নির্বাচন আধিকারিক। এদিন তিনি আরও জানান, উপনির্বাচনে ইভিএম ব্যবহৃত হবে এবং ভোটের নিরাপত্তায় কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী মোতায়েন থাকবে। তিনি বলেন, ওই নির্বাচনে রিটার্নিং অফিসারের দায়িত্বে থাকবেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক দ্বিতীয় এবং সহকারী রিটার্নিং অফিসারের দায়িত্ব পালন করবেন আগরতলা রাজস্ব সার্কলের ডেপুটি কালেক্টর ও ম্যাজিস্ট্রেট এবং ডুকলি ব্লকের বিডিও। মুখ্য নির্বাচন আধিকারিক শান্তিপূর্ণ পরিবেশে ভোট পর্ব সম্পন্ন করার আবেদন জানিয়েছেন।ড

## পোশাক

● প্রথম পাতার পর

সুষ্ঠু পরিবেশ পরিস্থিতি বিনষ্ট করতে চাইছে কিছু স্বার্থান্বেষী লোক। এমনটাই অভিমত শিক্ষানুরাগীদের।

রামকৃষ্ণ মহাবিদ্যালয় রাজ্যের দ্বিতীয় প্রাচীনতম মহাবিদ্যালয়। যুগ যুগ ধরে এখানে বিভিন্ন ধর্মের ও সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা পড়াশোা করে আসছে। কিছুদিন পূর্বে শহরের প্রাচীনতম রাধাকিশোর ইন্সটিটিউশনে এই পোশাক বিতর্কে পরিস্থিতি উত্তপ্ত হয়েছিল। সেখানেও কতিপয় ছাত্র ধর্মীয় পোশাক পড়ে বিদ্যালয়ে ক্লাস করতে আসে। স্কুল কর্তৃপক্ষ সেই বাধা অমান্য করে ধর্মীয় পোষাক পরেই ক্লাস করে। পরবর্তী সময় এস এম সির মিটিং এর সিদ্ধান্তের পরও তারা নিজেদের মতামতে অনড় থাকে। এভাবে শিক্ষাঙ্গনে ধর্মীয় হস্তক্ষেপের ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে স্বাভাবিক পঠন-পাঠন।

**NOTICE INVITING TENDER**

Sealed tenders on a plain paper are here by invited by Vide NIT No.F.6-1/L.P.C/Tender/Quotation/ Store/SDFO/TSD 2018-19/4521-56 Dated. 21/08/2019. By the undersigned from bonafied, experienced, resourceful dealers/suppliers/vendors of Indian Nationality for quoting rates for supply of 2532 kgs Barbed Wire(12 X 12 gauge) in kg. for Plantation 2019-20 as per terms and condition indicated below which will be received in the O/O The SDFO, Teliamura , Khowai Tripura from 25th of August, 2019 to 19th of September, 2019 in between 10.30 am to 3.00 pm in all working days up to 3.00 pm on 19th of September, 2019, The details tender documents may be collected from the O/O The SDFO, Teliamura. Khowai Tripura. Pin -799205 in working days from 10.00am to 5.30pm.

[K.G.Roy, TFS] Sub-Divisional Forest Officer Teliamura Forest Sub-Division,

ICA-C/898/19

**B.Ed এবং D.El. Ed কোর্সে সংখ্যালঘু ছাত্রছাত্রীদের ভর্তির জন্য সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ত্রিপুরা সরকারের সংখ্যালঘু কল্যান দপ্তরের পক্ষ থেকে B.Ed এবং D.El. Ed কোর্সে ২০১৯-২১ইং সনে ভর্তির জন্য নির্বাচিত সংখ্যালঘু ছাত্রছাত্রীদেরকে জানানো যাইতেছে যে তাহারা যেন সমস্ত Original শংসাপত্র (Certificates) সহ তাদের অভিভাবকসহ নিয়ে নিম্নলিখিত তারিখ, সময়সূচী এবং নির্ধারিত সংশ্লিষ্ট কলেজ অনুযায়ী সংখ্যালঘু কল্যান দপ্তরে উপস্থিত থাকেন। কলেজ ভিত্তিক নির্বাচিত প্রার্থীর প্রকাশিত তালিকা দপ্তরের ওয়েবসাইট যথা: www.minoritieswelfare.tripura.gov.in এ দেখা যাবে।

| কোর্সের নাম | কলেজের নাম | তারিখ | সময় |
|---|---|---|---|
| Bachelor of Education (B. Ed) | Kharagpur Tribal B. Ed Training College, West Bengal. | ২৯/০৮/২০১৯ইং | ১১ঘটিকা |
| | Netaji Subhash Chandra Bose PTTI, West Bengal | | |
| | Ariyan College of Education, West Bengal. | | |
| | Jakir Hossain B. Ed College, West Bengal. | | |
| Diploma in Elementary Education (D. El. Ed) | Kharagpur Tribal B. Ed Training College, West Bengal. | ৩০/০৮/২০১৯ইং | ১১ঘটিকা |

উপরিউক্ত তারিখ ও সূচি অনুযায়ী নির্বাচিত প্রার্থী সমস্ত মূল (Original) শংসাপত্র (Certificate) নিয়ে অভিভাবকসহ সংখ্যালঘু দপ্তরে উপস্থিত না থাকিলে প্রার্থীর কলেজে ভর্তির আবেদন বাতিল বলিয়া বিবেচিত হইবে। এর জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না এবং পরবর্তী সময়ে কোন আবেদন গ্রাহ্য হইবেনা।

ICA/D/787/19-20

ইতি
(এস. রিয়াং)
উপ অধিকর্তা
সংখ্যালঘু কল্যান দপ্তর

■ Phone : 0381- 2384984, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2018- 2019


## তেলিয়ামুড়ায় দুই ট্রাকের সংঘর্ষে গুরুতর আহত যুবক

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** তেলিয়ামুড়ায় রাস্তার পাশে দাড়িয়ে থাকা একটি লারিকে পেছন দিক থেকে আসা অপর একটি লরি এসে ধাক্কা দেওয়ায় লরির সহচালক গুরুতরভাবে আহত হয়েছে। আহতের নাম মঙ্গল হরি জমাতিয়া। তাকে প্রথমে তেলিয়ামুড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থা সঙ্কটজনক হওয়ায় সেখান থেকে তাকে প্রথমে তেলিয়ামুড়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়।

অবস্থা সঙ্কটজনক হওয়ায় সেখান থেকে তাকে জিবিতে স্থানান্তর করা হয়। পথ দুর্ঘটনা নিত্য দিনের ঘটনা হয়ে দাঁলিয়েছে। গতকাল রাত সাড়ে দশটা নাগাদ তেলিয়ামুড়া শহরে আসাম আগরতলা জাতীয় সড়কের পাশে দাড়িয়ে থাকা, একটি লরিকে পেছন দিক থেকে আসা অপর একটি লরি ধাক্কা দেয়।

তাকে লরিটির সামনের অংশ দুমড়ে মুছরে যায়, লরির সহচালক মঙ্গলহরি জমাতিয়া, গুরুতর ভাবে আহত হয়। একটি লরি অপর একটি লরিকে ধাক্কা দেওয়ায় বিকট আওয়াজ হয়। আওয়াজ শুনে স্থানীয় লোকজনরা ছুটে এসে। আহত ব্যক্তিকে তেলিয়ামুড়া হাসপাতালে নিয়ে যান। তার শরীর থেকে প্রচুর পরিমাণে রক্ত ক্ষরন হয়েছে। সেখান থেকে আশঙ্কাজনক অবস্থায় জিবি হাসপাতালে স্থলান্তর করা হয়। ঘটনাস্থল তেলিয়ামুড়া থানার কাছাকাছি হওয়া সত্ত্বেও পুলিশ দ্রুত ঘটনাস্থলে না আশায় তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে। প্রত্যেক্ষদর্শী এক যুবক ঘটনা সম্পর্কে বিস্তারিত তথ্য জানান। স্থানীয় জনগনের অভিযোগ, তেলিয়ামুড়া শহর এলাকার ব্যস্ততম জায়গাতেও, যানবাহন দাঁড় করিয়ে রাখা হয়। এর ফলে জনগনের থানা সমস্যা হচ্ছে। এমনকি প্রায়ই দুর্ঘটনা ঘটে চলেছে। অবিলম্বে রাস্তার পাশে যানবাহন দাঁড় করিয়ে রাখা বন্ধ করার দাবি উঠেছে।



সোমবার গোটা দেশের সাথে রাজ্যে মাদার টেরেসার জন্মদিন পালিত হয়। ছবি- নিজস্ব।

## সমস্ত উন্নয়ন কাজে এখন মা-বোনদের প্রাধান্য দেওয়া হচ্ছে ঃ উপমুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** স্বচ্ছতা যেখানে সুস্থতাও সেখানে। বাড়ি ঘর সমাজকে সুস্থ রাখতে মা-বোনদের অবদান সবথেকে বেশি। একজন ভাল মানুষ হতে গেলে কি করতে হবে তার শিক্ষা পাওয়া যায় মার কাছ থেকে। কেন্দ্রে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেত'ত্বে সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর সারা দেশেই মা-বোনদের সার্বিক উন্নয়নে কাজ শুরু হয়েছে। বর্তমানে রেশনকার্ড, গ্যাস সংযোগের বই, ব্যাঙ্ক একাউন্ট বেশিরভাগ ক্ষেত্রেই মহিলাদের নামে হচ্ছে। তাদের অগ্রাধিকার দেওয়া হচ্ছে। আজ বিশালগড়ে বোধন কমিউনিটি হলে আয়োজিত সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রজেক্টের মউ স্বাক্ষর অনুষ্ঠানে উদ্বোধন করে উপমুখ্যমন্ত্রী যীষ্ণু দেববর্মা একথা বলেন। বিশালগড় পুর পরিষদ এবং ও এন জি সি'র মধ্যে হওয়া মউ-তে স্বাক্ষর করেন বিশালগড়ের মহকুমা শাসক জয়ন্ত ভ-াচার্য এবং ও এন জি সি'র ত্রিপুরা অ্যাসেটের চীফ জেনারেল ম্যানেজার উমেশ কুমার।

উপমুখ্যমন্ত্রী ভাষণে বলেন, যেকোন কাজ করার ক্ষেত্রে মহিলাদের বেশি অংশগ্রহণ মানে রাষ্ট্রের মঙ্গল।

তাই বর্তমানে যেকোন কাজে মহিলাদের অগ্রাধিকার দেওয়া হচ্ছে। বর্তমানে গ্রাম প'ায়েতে মহিলাদের ৫০ শতাংশ আসন দেওয়া হয়েছে। স্বচ্ছ ভারত কর্মসূচিতে মহিলাদের অংশগ্রহণে দেশ স্বচ্ছতার পথেই এগিয়ে যাবে। স্বচ্ছ ভারত মিশনের অঙ্গ হিসেবে বিশালগড় পুর এলাকাকে বর্জ পদার্থ মুক্ত ও দূষণমুক্ত রাখতে আজ বিশালগড় মহকুমা প্রশাসন ও ও এন জি সি'র যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিশেষ অতিথির ভাষণে বিশালগড় পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন অ'ন পুরকায়স্থ বলেন, বিশালগড় পুর এলাকাকে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য নানা পরিকল্পনা নেওয়া হয়েছে।

আজকের এই অনুষ্ঠান তারই একটা অঙ্গ।

বিশালগড় পুর এলাকাকে স্বচ্ছ ভাবে গড়ে তুলতে তিনি সবার সহযোগিতা চান। বিশেষ অতিথি হিসেবে ত্রিপুরায় ও এন জি সি'র নানা পরিকল্পনা ও সেবামূলক কাজের নানা দিকগুলি উল্লেখ করেন ও এন জি সি ত্রিপুরা অ্যাসেটের অ্যাসেট ম্যানেজার ওম প্রকাশ সিং এবং চীফ জেনারেল ম্যানেজার উমেশ কুমার। স্বাগত ভাষণ রাখেন বিশালগড় মহকুমার মহকুমা শাসক জয়ন্ত ভ-াচার্য। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডি সি এম এস এল দাস। সভাপতিত্ব করেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন রূপালী দে। অনুষ্ঠানে এই প্রকল্পে যেসব মহিলারা বাড়ি বাড়ি বা রাস্তা পরিস্কার রাখবে তাদের মধ্যে নানা জিনিষ ও বাহন তুলেদেন উপমুখ্যমন্ত্রী, ও এন জি সি'র অ্যাসেট ম্যানেজার সহ অন্যান্যরা।

## পেট্রোল পাম্পে অনিয়ম, ক্ষোভ ধর্মনগরে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৬ আগস্ট।।** উত্তর ত্রিপুরা জেলার কদমতলা ধর্মনগর সড়কের পাশে এল কে পেট্রোল জোনের বিরুদ্ধে ভোক্তাদের পরিমানে কম দিয়ে ঠগানোর গুরুতর অভিযোগ উঠেছে। দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা এসব বিষয়ে কোন খোঁজখবর নিচ্ছেন না। তাতে ভোক্তাদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়েছে।পেট্রোল পাম্পে পরিমান কম দেবার অভিযোগ দীর্ঘদিনের। খাদ্য দপ্তরের দায়িত্বপ্রাপ্তরা এসব বিষয়ে নজরদারী বজায় না রাখার সুযোগগে কাজে লাগিয়েই এসব অসাধু কাজকর্ম চালিয়ে যাচ্ছে। রবিবার বিকেলে প্রদীপ নাথ নামে এক অটো চালক ১৫০ টাকার পেট্রোল ঢোকাতে যান। আর তাতেই বিপত্তি। সন্দেহ হওয়ায় অটো চালক প্রত্যেকের সামনে অটোর ট্যাঙ্কি থেকে তেল খুলে, পুনরায় পরিমাপ করেন। তখন দেখা যায় তেল পরিমানে অনেক কম। ট্যাঙ্কি থেকে মাত্র ১ লিটার তেল মিলছে। তখনই পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠে। অবশেষে সকলের চাপের মুখে পাম্প কর্মী স্বীকার করেন ভুল হয়ে গেছে বলে। পাম্প কর্মী শাক দিয়ে মাছ ঢাকার কৌশলও নেয়। তেল ঢোকানোর পাইপের নভেলটি, ঠিকমতো ট্যাঙ্কির ভিতরে ঢুকেনি বলে উল্লেখ করে। মিটারের দিকে সঠিকভাবে নজর দেওয়া হয়নি। সে কারণেই এই ঘটনা ঘটেছে বলে দাবি করে পাম্প কর্মী। পেট্রোল পাম্পে এ ধরনের চুরির ঘটনায়। ক্ষোভে ফুসছেন অটো চালক সহ সাধারণ ভোক্তারা। এ ধরনের কারচুপির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে।

## ভাতা বৃদ্ধি-সহ বিভিন্ন দাবিতে অবস্থান বিক্ষোভ 'আশা'কর্মীদের

কলকাতা, ২৬ আগস্ট (হি. স.): নূন্যতম ১৮ হাজার টাকা ভাতা, সরকারি স্বাস্থ্যকর্মীর মর্যাদা প্রভৃতি নানা দাবিতে সোমবার অবস্থান-বিক্ষোভে সামিল হন আশাকর্মী।

এআইইউটিইউসি অনুমোদিত পশ্চিমবঙ্গ আশা (অ্যাক্রেডিটেড সোস্যাল হেল অ্যাকটিভিস্টস)কর্মী সংগঠনের তরফে রানি রাসমণি রোডে এই অবস্থান বিক্ষোভ হয়। স্মারকলিপি দেওয়া হয় নবান্ন-তে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে। পৃথক স্মারকলিপি দেওয়া হয় স্বাস্থ্যভবনে।

প্রতিবাদী কর্মীদের বিভিন্ন দাবির মধ্যে আছে কাজের ৮ ঘন্টা সময় সুনির্দিষ্ট করা, সাপ্তাহিক ছুটি, মেডিক্যাল লিভ বরাদ্দ, উপযুক্ত পরিকাঠামো ও পারিশ্রমিক ছাড়া 'দিশা' ডিউটি বাতিল করা, কাজের ফরম্যাট প্রক্রিয়া বাতিল, পেনশন, বোনাস, পিএফ প্রদান, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং সহায়ক কেন্দ্রের পরিকাঠামো উন্নত করা, কর্মক্ষেত্রে হয়রানি বন্ধ করা প্রভৃতি। তাঁদের কয়েক হাজার কর্মী এদিন অবস্থান-বিক্ষোভে অংশ নেন। তাঁদের সঙ্গে ছিল দাবি সম্বলিত নানা পোস্টার ও ব্যানার।

সমাবেশে বক্তাদের মধ্যে ছিলেন এআইইউটিইউসি-র রাজ্য সভাপতি দিলীপ ভট্টাচার্য, সংগঠনের সভাপতি কৃষ্ণা প্রধান এবং রাজ্য সম্পাদিকা ইসমত আরা খাতুনঊ ইসমত জানান, "মুখ্যমন্ত্রী না থাকায় আমাদের প্রতিনিধিরা তাঁর দেখা পাননিঊ তবে, বিভাগীয় আধিকারিক আমাদের দাবি বিবেচনা করে দেখার আশ্বাস দিয়েছেন।

এ দিন আশা কর্মীরা মধ্য কলকাতার একটি পার্কে সমবেত হয়ে সেখান থেকে মিছিল করে ধর্মতলায় আসেনঊ সংগঠনের দাবি, একাধিক অজস্র সরকারি কর্মসূচি নিখুঁতভাবে রূপায়ণ করা আমাদের কাজ হলেও, খুব কমই ভাতা দেওয়া হয়।

দক্ষিণ ২৪ পরগণার কুলতলি ব্লকের আশা কর্মী নীলিমা ঢালি (হালদার) 'হিন্দুস্থান সমাচার'কে বলেন, "আমাদের মাথাপিছু এমনিতে মাসে মাত্র সাড়ে তিন হাজার টাকা দেওয়া হয়। বাড়ির বদলে প্রসূতিকে হাসপাতালে প্রসবের ব্যবস্থা করাতে হয়, প্রসবের পর ১২ সপ্তাহের মধ্যে প্রসুতির নাম নথিভুক্ত করা, তাঁর এবং নবজাতকের স্বাস্থ্যের ওপর নিরন্তর নজরদারি প্রভৃতির জন্য ইনসেন্টিভ মেলালে বড়জোর সাড়ে পাঁচ হাজার টাকা। যা দিয়ে কিছুই হয় না। বারবার যেতে হয় প্রসুতির বাড়িতেঊ এই বিষয়ে সরকারের কাছে বারবার দাবি জানানো হলেও কোনও কাজ হয়নি।'




## ফের ৪ দিনের সিবিআই হেফাজতে চিদম্বরম

নয়াদিল্লি, ২৬ আগস্ট (হি. স.) : আইএনএক্স মিডিয়া মামলায় ফের পি চিদম্বরমকে সিবিআই হেফাজতে পাঠাল দিল্লির রাউজ অ্যাভিনিউ কোর্ট। তবে, এবার ৪ দিনের জন্য তাঁর সিবিআই হেফাজতের নির্দেশ দিয়েছে দিল্লির আদালত।

আইএনএক্স মিডিয়ায় বিদেশি বিনিয়োগে অসঙ্গতি মামলায় এই মুহূর্তে সিবিআই হেফাজতে রয়েছেন প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রী তথা প্রবীণ কংগ্রেস নেতা পালানিয়াপ্পন চিদম্বরম।

গ্রেফতার হওয়ার আগে, গত মঙ্গলবার প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রীর আগাম জামিনের আবেদন খারিজ করে দিয়েছিল দিল্লি হাইকোর্ট। দিল্লি হাইকোর্টের রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ও রক্ষাকবচের আর্জি নিয়ে গত বুধবার সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন পি চিদম্বরমের আইনজীবীরা। কিন্তু, ওই দিন দিনভর দৌড়েও বিশেষ লাভ হয়নি। পি চিদম্বরমের আর্জির শুনানি হয়নি গত বুধবার। এরপর গত শুক্রবার শুনানি শুরু হলেও, ২৬ আগস্ট পর্যন্ত পিছিয়ে দেওয়া হয়। সোমবার সকালে পি চিদম্বরমের আবেদনের প্রেক্ষিতে শুনানি শুরু হলে, সুপ্রিম কোর্ট জানায়-গত ২১ আগস্ট পি চিদম্বরম গ্রেফতার হওয়ার কারণে এই আবেদনের কোনও মূল্য নেই। পাশাপাশি জামিনের আবেদন করার জন্য সংশ্লিষ্ট আদালতের দ্বারস্থ হওয়ার জন্য পি চিদম্বরমকে নির্দেশষ দিয়েছে সুপ্রিম কোর্ট।

অর্থাৎ পি চিদম্বরমের জামিন নিয়ে হস্তক্ষেপ করতে নারাজ সুপ্রিম কোর্ট।

এদিকে, গত বৃহস্পতিবার বিশেষ আদালত চিদম্বরমকে পাঁচদিনের সিবিআই হেপাজতে পাঠিয়ে ছিল। আজ পাঁচদিনের মেয়াদ শেষে ফের চিদম্বরমকে দিল্লির রাউজ অ্যাভিনিউ কোর্টে তোলা হলে সিবিআই তাঁকে ফের পাঁচদিনের জন্য হেফাজতে নেওয়ার আবেদন করে ঊ তবে আদালত চার দিনের জন্য তাঁকে ফের সিবিআই হেফাজতের নির্দেশ দেয় ঊ ফলে আগামী ৩০ আগস্ট পর্যন্ত সিবিআই হেফাজতে থাকতে হবে প্রাক্তন কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে। ওই দিন তাঁকে ফের আদালতে পেশ করা হবে।

## সিবিআই-এর মত কেন্দ্রীয় সংস্থাগুলির অপব্যবহার করছে কেন্দ্র : অখিলেশ

লখনউ, ২৬ আগস্ট (হি.স.) : বিরোধী দলের নেতাদের বিরুদ্ধে সিবিআই, ইডি এবং আয়কর দফতরের মত সংস্থাগুলিকে ব্যবহার করা হচ্ছে। সোমবার এমনই দাবি করেছেন উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সমাজবাদী পার্টির নেতা অখিলেশ যাদব।

এদিন অখিলেশ যাদব বলেন, সিবিআই, ইডি এবং আয়কর দফতরের মত সংস্থাগুলিকে বিরোধী দলের নেতাদের বিরুদ্ধে লেলিয়ে দেওয়া হচ্ছে। একটা ভয়ে পরিবেশ তৈরি করার চেষ্টা চলছে। যাতে করে সরকারের অবৈধ এবং বেআইনি পদক্ষেপের বিরুদ্ধে কেউ সরব হতে না পারে।

সরকার ৭০ লক্ষ কর্মসংস্থা তৈরি করার প্রতিশ্রুতি দিয়েছিল। কিন্তু কর্মক্ষেত্র থেকে মানুষকে ছুড়ে ফেলা হচ্ছে। বহু মানুষ কর্মহীন হয়ে পড়েছে। বিজেপির ভ্রান্ত আর্থিক নীতির কারণেই দেশের বৃদ্ধি স্তব্ধ। ভারতের তুলনায় বাংলাদেশের অর্থনীতি ভাল জায়গায় রয়েছে।

৩৭০ ধারা বিলুপ্তি নিয়ে কেন্দ্রকে বিঁধে অখিলেশ যাদব বলেন, সরকার প্রতিশ্রুতি দিয়েছিল সব কিছু শান্তিপূর্ণ হবে কিন্তু ২০ দিন বাদেও কাশ্মীর উপত্যকায় মানুষ গৃহবন্দি হয়ে রয়েছে।

সম্প্রতি উত্তরপ্রদেশের মন্ত্রিসভার রদবদলকে কটাক্ষ করে অখিলেশ যাদব বলেন, দুর্নীতিবাজ নেতাতে ভরে গিয়েছে যোগী আদিত্যনাথ মন্ত্রিসভা। তাই পাঁচ মন্ত্রীকে সরিয়ে দিতে বাধ্য হয়েছেন তিনি। সব ক্ষেত্রে ব্যর্থ যোগী সরকার।

## নয়ডার সেক্টর ২৫-এ স্পাইস মলে বিধ্বংসী অগ্নিকাণ্ড, হতাহতের কোনও খবর নেই

নয়ডা, ২৬ আগস্ট (হি.স.): উত্তর প্রদেশের গ্রেটার নয়ডায় ওয়ার্ল্ড স্পাইস মলে বিধ্বংসী অগ্নিকাণ্ডঊ সোমবার দুপুরে নয়ডার সেক্টর ২৫-এ এলাকায় অবস্থিত সেক্টর ২৫-এ ওয়ার্ল্ড স্পাইস মলে ভয়াবহ আগুন লাগেঊ ওয়ার্ল্ড স্পাইস মলের উপরের তলায় ভয়াবহ আগুন লাগেঊ সেই সময় মলে প্রচুর মানুষের উপস্থিতি ছিলঊ অগ্নিকাণ্ডের খবর পাওয়া মাত্রই আগুন নেভাতে ঘটনাস্থলে পৌঁছয় দমকলের বেশ কয়েকটি ইঞ্জিন।

দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছনোর পরই শপিং মল পুরোপুরি খালি করে দেওয়া হয়ঊ শপিং মলের উপরে আগুন লাগায় দমকল কর্মীদের যথেষ্ট বেগ পেতে হয়ঊ ততক্ষণে দাউ দাউ করে জ্বলতে থাকে আগুনঊ বিধ্বংসী অগ্নিকাণ্ডে প্রচুর ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছেঊ কী কারণে আগুনের সূত্রপাত, তা খতিয়ে দেখা হচ্ছেঊ আপাতত আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছেন দমকল কর্মীরা।

## করিমগঞ্জে চা বাগানে গৃহস্থের ঘরে ঢুকে পড়ল পণ্যবোঝাই ট্র্যাক্টর, হত দুটি গরু,ঘায়েল দুই ব্যক্তি

পাথারকান্দি (অসম), ২৬ আগস্ট (হি.স.) : করিমগঞ্জ জেলার পাথারকান্দি থানা এলাকার বুবরিঘাট চা বাগানে লোহার রড ও সিমেন্ট বোঝাই একটি ট্র্যাক্টর নিয়ন্ত্রণ হারিয়ে এক গৃহস্থের বসতবাড়িতে ঢুকে পড়লে দুটি গৃহপালিত গরুর ঘটনাস্থলেই মৃত্যু হয়েছে। ঘটনাটি সোমবার সকালে বাগানের রামাস্বামীর বাড়িতে সংঘটিত হয়েছে।

প্রাপ্ত খবরে প্রকাশ, আজ সকালে বুবরিঘাট চা বাগানের বাজারচালি লাইনের রাস্তা ছেড়ে জনৈক রামাস্বামীর বসতঘরের দেওয়াল ভেঙে ঢুকে পড়ে লোহার রড ও সিমেন্ট বোঝাই একটি ট্র্যাক্টর। নিয়ন্ত্রণ হারান ট্র্যাক্টরের ধাক্কায় অকুস্থলেই মৃত্যু হয় দুটি গরুর। এছাড়া আহত হয়েছেন ওই গৃহস্থ পরিবারের দুই সদস্য। স্থানীয়রা আহতদের পাথারকান্দি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এনে ভর্তি করেছেন। এদিকে ঘটনার পর ট্র্যাক্টর চালক গা ঢাকা দিয়েছে। খবর পেয়ে ট্র্যাক্টরের মালিক পাথারকান্দির জনৈক জে সোম বুবরিঘাট গিয়ে দুর্ঘটনার ব্যাপারে অবগত হন। স্থানীয়দের সঙ্গে নিয়ে বিষয়টি তিনি আপস মীমাংসা করতে চাইলে সবাই তাঁর প্রস্তাবে রাজি হন।

অবশেষে বেলা দুটো নাগাদ চাঁদখিরা গ্রামপঞ্চায়েত সভাপতি অনিলকুমার ত্রিপাঠী, জয়হরি শালিয়া, গোগোপাল তাঁতি, চন্দন শালিয়া, মংরা শালিয়া, গোপাল শালিয়া প্রমুখে।র মধ্যস্থতায় এক সালিশি সভা অনুষ্ঠিত হয়। সালিশি সভায় আপস মীমাংসার পথে গিয়ে দুর্ঘটনাগ্রস্ত ট্র্যাক্টরের মালিক ভুক্তভোগী গৃহস্থকে ক্ষতিপূরণের ব্যবস্থা করে দেওয়ার আশ্বাস দেন। এই খবর লেখা পর্যন্ত ঘটনা সম্পর্কে পাথারকান্দি থানায় কোনও অভিযোগ দায়ের হয়নি বলে খবর পাওয়া গেছে।

## ভাঙচুরের পরের দিন বেদারাণ্যমে পুনরায় বসানো হল আম্বেদকরের মূর্তি

চেন্নাই, ২৬ আগস্ট (হি. স.) : তামিলনাড়ুর নাগাপট্টিনাম জেলার বেদারাণ্যমে বি আর আম্বেদকের-এর একটি মূর্তি ভাংচুরের ঘটনার একদিন পর, সোমবার একই জায়গায় আরও একটি মূর্তি স্থাপন করা হয়েছে। জাতি-বর্ণ নিয়ে রবিবার দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ হয়। সংঘর্ষের জেরে গুরুতর আহতও হন দু"জন।

সংঘর্ষ চলাকালীন একটি দল স্থানীয় একটি থানার সামনে একটি গাড়িতে আগুন ধরিয়ে দেয়। পরিস্থিতি আরও জটিল হয়ে পড়ে পাথর ছোঁড়াছুঁড়ি শুরু হওয়ার পর। সেসময়ই অপর দলটি আম্বেদকের মূর্তি ভাঙচুর করতে শুরু করে। সংঘর্ষ চলাকালীন আহত দুই জনের মধ্যে একজন দলিত সম্প্রদায়ভুক্ত এবং যে গাড়িতে আগুন ধরিয়ে দেওয়া হয়েছিল সেটি এক প্রভাবশালী হিন্দু ব্যক্তির গাড়ি বলে জানা গিয়েছে। ঘটনার পর, এলাকায় প্রায় ৪০০ পুলিশ মোতায়েন করা হয়। রবিবার গভীর রাতে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। তবে, যারা মূর্তি ভেঙেছে তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবিতে এদিন রাজ্যজুড়ে নানা জায়গায় বিক্ষোভ শুরু হয়েছে। মূর্তি প্রতিস্থাপনের পর আপাতত স্বাভাবিক রয়েছে পরিস্থিতি।

## বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে বাঁকুড়ায় সূচনা হল পথ নিরাপত্তা সপ্তাহ

বাঁকুড়া, ২৬ আগস্ট (হি. স.) : বাঁকুড়ায় বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে সূচনা হল পথ নিরাপত্তা সপ্তাহের। সোমবার এই উপলক্ষে আয়োজিত শোভাযাত্রা বাঁকুড়া কালেক্টরট প্রাঙ্গণ থেকে যাত্রা শুরু করে বিভিন্ন রাস্তা পরিক্রমা করে রবীন্দ্র ভবনে সমাপ্ত হয়।

পথ সচেতনতা ও নিরাপত্তার আহ্বান সম্বলিত প্ল্যাকার্ড হাতে নিয়ে স্কুল কলেজ পড়ুয়ারা সামিল হয় মিছিলে।

মিছিলের পুরোভাগে ছিলেন সরকারী পদস্থ আধিকারিক গন।মিছিল পরিসমাপ্তির পর রবীন্দ্র ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়।অনুষ্ঠানে জেলা শাসক ডা উমাশঙ্কর এস, তথ্য ও সংস্কৃতি আধিকারিক অরুণাভ মিত্র, ট্রাফিক পুলিশের আধিকারিক সব্যসাচী মুখার্জি সহ পদস্থ কর্তারা উপস্থিত ছিলেন।অনুষ্ঠানে স্কুল কলেজের ছাত্র ছাত্রীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে। সোমবার থেকে ৩১ আগস্ট পর্যন্ত এক সপ্তাহ ব্যাপী পথ নিরাপত্তা সপ্তাহ পালিত হবে বলে জেলা প্রশাসন থেকে জানানো হয়েছে। অপরদিকে নির্মল বিদ্যালয় সপ্তাহ উপলক্ষে ক্ষুদে পড়ুয়ারা ও মিছিল করে পরিবেশ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার আবেদন জানায়।

## মার্কিন ডলারের সাপেক্ষে ফের টাকার দামে পতন, আশঙ্কায় ভারতের বাজার

নয়াদিল্লি, ২৬ আগস্ট (হি.স.): আরও একবার টাকার দামের রেকর্ড পতনঊ দৌড়তে দৌড়তে মার্কিন ডলারের নিরিখে ফের পিছিয়ে পড়ল ভারতীয় টাকাঊ সোমবারের পতনের পর মার্কিন ডলারের তুলনায় ভারতীয় টাকার দাম দাঁড়ায় ৭১.৯৫ টাকায়ঊ গত এক সপ্তাহের মধ্যে এই নিয়ে দ্বিতীয়বার রেকর্ড পতন হল টাকারঊ এর আগে গত ২৩ আগস্ট মার্কিন ডলারের সঙ্গে দৌড়ে পিছিয়ে পড়েছিল ভারতীয় টাকাঊ গত ২৩ আগস্ট মার্কিন ডলারের সাপেক্ষে ভারতীয় মুদ্রার দর ছিল ৭২.০৩ টাকা।যেভাবে টাকার দাম পড়তে শুরু করেছে তাতে মুদ্রাস্ফীতির আশঙ্কা তৈরি হয়েছেঊ রীতিমতো আশঙ্কায় রয়েছে ভারতীয় বাজারঊ টাকার দাম মার্কিন ডলারের তুলনায় পড়ে যাওয়ায় বিদেশ ভ্রমণ এবং বিদেশে পড়াশোনার ক্ষেত্রেও প্রভাব পড়বেঊ ডলারের দাম যত বাড়বে অপরিশোধিত তেলের দামও ততই বাড়বেঊ এর প্রত্যক্ষ প্রভাব পড়বে ভারতের বাজারে।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেনবো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।